হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৪ ঃ সংখ্যা-১১ ঃ মেহেরপুর-শুক্রবার ২৪ অক্টোবর ২০২৫ ইং ঃ ৮ কার্তিক ১৪৩২ বাংলা ঃ ১জমা ,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



'রাক্ষস' ছেড়ে 'বনলতা এক্সপ্রেস'-এ সাবিলা নূর -পৃষ্ঠা-৩

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর





# রাইপুর ইউপি কমপ্লেক্সে ভাঙচুর ও চাল লুটের ঘটনা মহিলা মেম্বার নারগিছের নেতৃত্বে হামলার অভিযোগ

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়ন পরিষদ (ইউপি) কমপ্লেক্সে ভাঙচুর ও চাল লুটের অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে ইউপি প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলামের দায়ের করা অভিযোগে বলা হয়, ইউপি সদস্য (মেম্বার) নারগিছ আক্তারের নেতৃত্বে একদল ব্যক্তি এ হামলা চালায়। প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম জানান, তিনি ইউপি কমপ্লেক্সের গুদামে ভিডব্লিউডি (ভিজিডি) কর্মসূচির চাল বিতরণ করছিলেন। এ সময় মহিলা মেম্বার নারগিছ তার স্বামীসহ কয়েকজন সহযোগী নিয়ে সেখানে এসে হঠাৎ হামলা চালায়। তারা আগ্নেয়াস্ত্র ও দেশীয় অস্ত্র নিয়ে আসবাবপত্র ভাঙচুর করে ৩৬ বস্তা চাল লুট করে নেয় এবং জন্ম-মৃত্যু নিবন্ধনের কাগজপত্র নিয়ে যায় বলে অভিযোগ করেন তিনি। হামলাকারীদের হাতে তিনি লাঞ্ছিতও হন। তিনি আরো দাবি করেন পুলিশ ঘটনাস্থল থেকে দুটি বোমা সাদৃশ্য বস্তু উদ্ধার করেছে। তবে পুলিশ বোমা উদ্ধারের কথা অস্কিার করে। সংবাদ পেয়ে স্থানীয় লোকজন ঘটনাস্থলে উপস্থিত হয়ে প্রতিবাদ জানায় এবং মহিলা মেম্বারের শাস্তির দাবিতে মানববন্ধন করে। মানববন্ধনে বক্তব্য দেন প্যানেল চেয়ারম্যান সারগিদুল ইসলাম, বাথানপাড়া গ্রামের রকিবুল ও হাড়িয়াদহ গ্রামের সাহাবুল। বক্তারা অভিযোগ করেন, মেম্বার নারগিছ ও তার লোকজন ইউনিয়নের ক্ষমতা দখলে নিতে মরিয়া হয়ে উঠেছেন এবং বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ডে জড়িত আছেন। তারা ঘটনার সুষ্ঠু তদন্ত ও বিচারের দাবি জানান। অভিযোগ অস্বীকার করে মহিলা ইউপি মেম্বার নারগিছ আক্তার বলেন, "আমার ওয়ার্ডের কয়েকজন

২-এর পৃষ্ঠা দেখুন

মেহেরপুরে অ্যানথ্রাক্স সতর্কতা

# ৫০ হাজার গরু-ছাগল টিকা প্রক্রিয়াধীন

নিজস্ব প্রতিনিধি



খুলনা বিভাগীয় স্বাস্থ্য বিভাগ অ্যানথ্রাক্স রোগ নিয়ন্ত্রণে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করছে। প্রাণিসম্পদ অধিদপ্তর প্রাথমিকভাবে সংক্রমিত এলাকায় ৫০ হাজার গরু ও ছাগলকে টিকাদানের উদ্যোগ নিয়েছে। পাশাপাশি তৃণমূল পর্যায়ে নজরদারি ও তথ্য সংগ্রহ বাড়ানো হয়েছে। মেহেরপুরের গাংনী ও সদর উপজেলায় এ রোগের প্রাদুর্ভাব আগে থেকেই ছিল। এ বছরের মাঝামাঝি নতুনভাবে সংক্রমণ ছড়িয়েছে। প্রতিমাসে গড়ে ২০ জন মানুষের শরীরে অ্যানথ্রাক্স শনাক্ত হচ্ছে, যার মধ্যে বেশি আক্রান্ত গাংনী উপজেলায়। আইইডিসিআরের তথ্য অনুযায়ী, গাংনী উপজেলায় সর্বোচ্চ সংক্রমণ: আগস্টে ৪৫ জন, সেপ্টেম্বর ৩৩ জন, অক্টোবরের ১২ তারিখ পর্যন্ত ১৮ জন। সদর উপজেলায় সেপ্টেম্বর মাসে ৫ জনের শরীরে অ্যানথ্রাক্সের উপসর্গ পাওয়া গেছে। প্রতি মাসে বিশেষজ্ঞ দল গাংনী উপজেলা পরিদর্শন করছে। খুলনা বিভাগীয় উপ-পরিচালক (স্বাস্থ্য) ডা. মো. মুজিবুর রহমান জানান, গ্রাম পর্যায়ে স্বাস্থ্য সহকারীরা উপসর্গ দেখা মাত্রই সিভিল সার্জনকে অবহিত করছেন। এ পর্যন্ত কাউরির মৃত্যু হয়নি। আক্রান্তরা চর্মরোগে ভুগছেন এবং সুস্থ হয়ে বাড়ি ফিরছেন। তিনি সতর্ক করে বলেন, উপসর্গযুক্ত গরু-ছাগল জবাই বা বিক্রি করা যাবে না, মৃত পশু স্পর্শ না করে দ্রুত মাটিতে পুঁতে ফেলতে হবে। জনসচেতনতা বৃদ্ধিতেও কাজ করা হচ্ছে। প্রাণিসম্পদ অধিদপ্তরের খুলনা বিভাগের পরিচালক ডা. মো. গোলাম হায়দার জানান, ঊর্ধ্বতন কর্তৃপক্ষ মেহেরপুরের সংক্রমিত এলাকা পরিদর্শন করেছেন। সিভিল সার্জনের নেতৃত্বে মনিটরিং টিম কাজ করছে। তিনি সবাইকে আশ্বস্ত করে বলেন,

২-এর পৃষ্ঠা দেখুন




## কবর জিয়ারত ও দোয়া মাহফিলের মধ্য দিয়ে রোভার দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

কবর জিয়ারত ও দোয়া মাহফিলের মধ্য দিয়ে মেহেরপুরে রোভার দিবস পালিত হয়েছে। বৃহস্পতিবার সকালে মেহেরপুর পুরাতন

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে পৌর শাখার গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার (২৩ অক্টোবর) আসরের নামাজের পর মেহেরপুর পৌর এলাকার প্রধান সড়ক ও আশপাশের দোকানপাটে এ গণসংযোগ কর্মসূচি পরিচালিত হয়। গসংযোগের নেতৃত্ব দেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমির ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য পদপ্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা জামায়াতের নায়েবে আমির

২-এর পৃষ্ঠা দেখুন



## কন্যা শিশুর জন্ম, জেলা প্রশাসকের উপহার

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রে আয়শা নামে এক মহিলা নরমাল ডেলিভারির মাধ্যমে কন্যা শিশু জন্ম দেন। খবর পেয়ে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম সেখানে উপস্থিত হয়ে মা ও শিশুকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে উপহার সামগ্রী এবং জন্মনিবন্ধনের সনদ প্রদান করেন। আয়শা মেহেরপুর শহরের নতুন পাড়ার পাপ্পুর স্ত্রী।

২-এর পৃষ্ঠা দেখুন

## আমঝুপিতে বিএনপির গণসংযোগ কর্মসূচি

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের ময়ামারি গ্রামে বিএনপির উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল বৃহস্পতিবার মাগরিবের নামাজের পর ময়ামারি গ্রামের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে এ গণসংযোগ কর্মসূচি পালন করা হয়। এতে নেতৃত্ব দেন বিএনপির নেতা ও সমাজসেবক শফিকুল ইসলাম। গণসংযোগে আরও উপস্থিত ছিলেন বিএনপির নেতা রানা, লিটন, ছাত্রদলের সদর উপজেলা সদস্য সচিব শেখ ফজলে রাব্বীসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। নেতৃবৃন্দ বলেন, দেশের বর্তমান ফ্যাসিস্ট সরকারের বিরুদ্ধে

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে বিএনপির গণসংযোগ ও ৩১ দফা লিফলেট বিতরণ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে গতকাল বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামে গণসংযোগ ও ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করা হয়েছে। জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, শিক্ষক কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে সার মজুদ রাখার অভিযোগে জরিমানা

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলার রামকৃষ্ণপুর ধলা এলাকায় ভ্রাম্যমান আদালতের মাধ্যমে সার মজুদের অভিযোগে আবু সামাদ নামে এক ব্যক্তিকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার দুপুরে এই অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাবিদ হোসেন। জানা যায়, অবৈধভাবে সার মজুদ রাখার খবরের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয়। সার ব্যবস্থাপনা আইন, ২০১৮ এর ৮(১) ধারা অনুযায়ী জরিমানার ব্যবস্থা নেওয়া হয়েছে। এ সময় গাংনী থানা পুলিশের একটি টিমও উপস্থিত ছিলেন।

## টি-টোয়েন্টি দলে ফিরলেন লিটন, বাদ সাইফউদ্দিন

সূর্যোদয় প্রতিবেদন

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের প্রথম দুই ম্যাচের জন্য ১৫ সদস্যের দল ঘোষণা করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)। ঘোষিত দলে ফিরেছেন দলের নিয়মিত অধিনায়ক ও অভিজ্ঞ উইকেটকিপার-ব্যাটার লিটন কুমার দাস। এশিয়া কাপ চলাকালে চোটের কারণে ছিটকে পড়েছিলেন লিটন দাস। এরপর আফগানিস্তানের বিপক্ষে সিরিজেও তাকে পাওয়া যায়নি। তবে ওয়েস্ট ইন্ডিজ সিরিজ দিয়েই তিনি মাঠে ফিরছেন। অন্যদিকে, এশিয়া কাপ ও আফগানিস্তান সিরিজে থাকা পেস অলরাউন্ডার মোহাম্মদ সাইফ

২-এর পৃষ্ঠা দেখুন




## গাংনীতে আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ সভা

নিজস্ব প্রতিবেদক.গাংনী

মেহেরপুরের গাংনী উপজেলায় আইনশৃঙ্খলা ও চোরাচালান প্রতিরোধ কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে। গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে গতকাল বৃহস্পতিবার উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ইউএনও আনোয়ার হোসেন। সভায় গাংনী থানার ওসি বানী ইসরাইল, বিভিন্ন ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান ও কমিটির অন্যান্য সদস্যরা সভায় উপস্থিত ছিলেন। বক্তারা এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং সীমান্ত

২-এর পৃষ্ঠা দেখুন

# নির্বাচন পেছানোর চেষ্টা চলছে: মির্জা ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর অভিযোগ করেছেন, কিছু রাজনৈতিক দল সচেতনভাবে আসন্ন জাতীয় নির্বাচন পেছানোর চেষ্টা করছে। তিনি বলেন, "অন্তর্বর্তী সরকারকে সহযোগিতা করে আমরা একটি জায়গায় আসার চেষ্টা করছি, যাতে একটি নির্বাচন করা যায়। আমি কোনো দলকে বা ব্যক্তিকে দোষারোপ করতে চাই না। কিন্তু হতাশার সঙ্গে লক্ষ্য করছি, কোনো কোনো রাজনৈতিক দল নির্বাচন যেন পিছিয়ে যায়, নির্বাচন যেন সঠিক সময়ে না হয়ড় সেই চেষ্টা করছে। এটা ঠিক হচ্ছে না।" বৃহস্পতিবার (২৩ অক্টোবর) দুপুরে রাজধানীর কাকরাইলের ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের মুক্তিযোদ্ধা মিলনায়তনে এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। বিএনপির উপ-প্রকাশনা কমিটির প্রকাশনায় 'মহাকালের মহানায়ক শহীদ জিয়াউর রহমান' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন উপলক্ষে এ সভার আয়োজন করা হয়। মির্জা ফখরুল বলেন, দেশের বর্তমান প্রেক্ষাপটে দ্রুত একটি রাজনৈতিক সরকারের প্রয়োজন। "দ্রুত নির্বাচনের মধ্য দিয়ে একটি রাজনৈতিক সরকার

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

অনুবাক্য
মামুনুর রশিদ মামুন
খবর ঃ (সেন কর্মকর্তা কারাগারে)

আইন হলো সবার সমান
গুনি জনে বলে
দেশের আইন তৈরি করে
কয়জনা তা মানে ।
এক দেশের একই আইন
দুই ধারায় চলে
কিছু থাকে জেলখানাতে
ভিআইপি থাকে ঘরে।
বিচার কেবল শুরু হলো
বইতে হবে অনেক দূর
থাকবে না তারা জেলখানাতে
কি যে বলে নতুন কথার শুর।
গুম খুনের বিচার হবে
পেতে হবে সাজা
সবার কিন্তু আছে মনে
আয়না ঘরের কথা।




## গোভীপুরে বিনামূল্যে মেডিকেল ক্যাম্প

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার গোভীপুরে দিনব্যাপী মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে।গতকাল বৃহস্পতিবার গোভীপুর ইসলামী সমাজ কল্যাণ পরিষদের উদ্যোগে এবং মেহেরপুর লাইফ কেয়ার হাসপাতালের সহযোগিতায় ক্যাম্পে রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও

২-এর পৃষ্ঠা দেখুন

## পশ্চিম তীর দখলের প্রাথমিক বিল পাস ইসরায়েলি পার্লামেন্টে

সূর্যোদয় প্রতিবেদন

ইসরায়েল দখলকৃত ফিলিস্তিনি ভূখণ্ড পশ্চিম তীরকে নিজেদের ভূখণ্ডে অন্তর্ভুক্ত করার একটি বিতর্কিত বিলের প্রাথমিক অনুমোদন দিয়েছে দেশটির পার্লামেন্ট 'নেসেট'। বৃহস্পতিবার আল জাজিরার এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। প্রতিবেদনে বলা হয়, বিলটি কার্যত ফিলিস্তিনি ভূখণ্ড সংযুক্ত করার সমান, যা আন্তর্জাতিক আইন অনুযায়ী অবৈধ। বিলটি পূর্ণাঙ্গভাবে পাস হলে পশ্চিম তীর ইসরায়েলের সঙ্গে একীভূত হবে এবং সেখানে ইসরায়েলি

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে মাসুদ অরুনের মিছিল ও গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে ৩১ দফা দাবি বাস্তবায়নের লক্ষ্যে লিফলেট বিতরণ, গণসংযোগ ও মিছিল করেছে মেহেরপুর বিএনপি। আজ বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর ॥ শুক্রবার ॥ ৮ কার্তিক ১৪৩২ বাংলা ॥ ২৪ অক্টোবর ২০২৫ইং

# যুবলীগ নেতা সম্রাটকে আদালতে হাজিরের নির্দেশ

সূর্যোদয় প্রতিবেদন

১৯৫ কোটি টাকা পাচারের অভিযোগে দায়ের করা মামলায় জামিনে থাকা ক্যাসিনোকাণ্ডে আলোচিত যুবলীগের বহিষ্কৃত নেতা ইসমাইল চৌধুরী সম্রাটকে আদালতে হাজিরের নির্দেশ দিয়েছেন ঢাকার একটি আদালত। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. সাইফুজ্জামান এ নির্দেশ দেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী মুহাম্মদ শামসুদ্দোহা সুমন গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেন। এদিন মামলার তদন্ত প্রতিবেদন দাখিল ও আসামিদের হাজিরার জন্য দিন ধার্য ছিল। আসামি সম্রাটের পক্ষে তার আইনজীবী আফরোজা শাহনাজ পারভীন ফৌজদারি কার্যবিধির ২০৫ ধারায় হাজিরা দেন। রাষ্ট্রপক্ষের আইনজীবী শামসুদ্দোহা সুমন এই হাজিরা বাতিলের আবেদন করলে আদালত সম্রাটের অবস্থান জানতে চান। জবাবে আসামিপক্ষের আইনজীবী জানান, সম্রাট বর্তমানে কোথায় আছেন তা জানা নেই। এরপর বিচারক বলেন, "আগামী রবিবার (২৬ অক্টোবর) আসামি সম্রাটকে ব্যক্তিগতভাবে হাজির থাকতে হবে, এরপর শুনানি হবে।" ২০২০ সালের ১৩ সেপ্টেম্বর সিআইডির উপপরিদর্শক রাশেদুর রহমান রাজধানীর রমনা মডেল থানায় মানিলন্ডারিং প্রতিরোধ আইনে এ মামলা দায়ের করেন। অভিযোগে বলা হয়, কাকরাইলের 'মেসার্স হিস মুভিজ' অফিস থেকে সম্রাট মতিঝিল, ফকিরাপুল, পল্টন ও কাকরাইল এলাকায় অবৈধ ক্যাসিনো ব্যবসাসহ নানা কর্মকাণ্ড চালাতেন। ২০১৪ সালের ২৭ ডিসেম্বর থেকে ২০১৯ সালের ৯ আগস্ট পর্যন্ত সময়ে তিনি বিপুল পরিমাণ অর্থ উপার্জন করে সহযোগী এনামুল হক আরমানের মাধ্যমে সিঙ্গাপুর ও মালয়েশিয়ায় পাচার করেন। পাচার করা টাকার পরিমাণ আনুমানিক ১৯৫ কোটি টাকা। মামলায় বলা হয়েছে, সম্রাট ২০১১ থেকে ২০১৯ সালের মধ্যে ৩৫ বার সিঙ্গাপুরে, ৩ বার মালয়েশিয়ায়, ২ বার দুবাইয়ে এবং ১ বার হংকংয়ে ভ্রমণ করেন। আরমান একই সময়ে ২৩ বার সিঙ্গাপুরে যান। ২০১৯ সালের ৬ অক্টোবর ভোরে কুমিল্লার চৌদ্দগ্রাম থেকে সম্রাট ও এনামুল হক আরমানকে গ্রেফতার করে র‍্যাব। পরে কাকরাইলের কার্যালয়ে অভিযান চালিয়ে বিপুল পরিমাণ বিদেশি মদ, পিস্তল ও বিরল প্রজাতির বন্য প্রাণীর চামড়া উদ্ধার করা হয়। বন্য প্রাণীর চামড়া রাখার দায়ে ভ্রাম্যমাণ আদালত সম্রাটকে ছয় মাসের কারাদণ্ড দেন। পরদিন র‍্যাব-১ কর্মকর্তা আব্দুল খালেক বাদী হয়ে মাদক ও অস্ত্র আইনে পৃথক মামলা দায়ের করেন। অস্ত্র মামলা: ২০২০ সালের ৬ নভেম্বর র‍্যাব-১ এর উপপরিদর্শক শেখর চন্দ্র মল্লিক অভিযোগপত্র জমা দেন। মাদক মামলা:

৩-এর পৃষ্ঠা দেখুন

## জীবন ধারা



# শিক্ষা ও ভালো ব্যবহার জীবন ও কর্মে অপরিহার্য

সূর্যোদয় প্রতিবেদক

ছোটবেলা থেকেই অনেক বাবা-মা সন্তানদের মানুষের সঙ্গে ভালো ব্যবহার করতে উপদেশ দেন। মায়েরা বলেন, "ব্যবহারই মানুষের পরিচয়, বিশ্বাসে মিলায় বস্তু, তর্কে বহু দূর।" বাবারা বলেন, "ভদ্র ব্যবহার কর।" প্রথমে সন্তানরা হয়তো ভাবতে পারে, এইসব উপদেশ কেন। কিন্তু বাস্তব জীবনে, বিশেষ করে কর্মক্ষেত্রে, এই শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। করপোরেট দুনিয়ায় 'ভালো ব্যবহার' প্রায়ই ম্যানেজমেন্ট কোর্সের একটি বিষয় হিসেবে উঠে আসে। কেন কোনো ম্যানেজারকে খারাপ বলা হয়? বা কোনো কর্মীকে বলা হয়, "সে অন্যের মত শোনে না, নিজের মতেই থাকে" এর সবই আচরণের সঙ্গে সম্পর্কিত। অফিসে কঠিন পরিস্থিতিতে সিদ্ধান্ত নেওয়া বা আলোচনা চালানো প্রায়শই আমাদের দৈনন্দিন কাজ। এই পরিস্থিতিতে কী বলছি এবং কীভাবে বলছি, তা সমাধান নির্ধারণ করে। ভালো ব্যবহার মানে শুধু শিষ্টাচার নয়; এটা হলো পরিস্থিতি অনুযায়ী ঠিক কথা বলা এবং সঠিকভাবে বলা। ব্যবহার অন্যরা দেখে এবং বিচার করে। যদি ব্যবহার ভালো হলেও অন্যরা তা উপলব্ধি না করে, তবে বুঝতে হবে কোথাও সমস্যা আছে। একটি প্রতিষ্ঠানের কর্মী হিসেবে পরিশ্রমী হওয়া যেমন গুরুত্বপূর্ণ, তেমনি সুনাগরিক হওয়াও জরুরি। বিশ্বাস, ট্রাস্ট ও তেমনি অপরিহার্য। আমরা যখন কারোর প্রতি বিশ্বাস করি বা অবিশ্বাস করি, তা মূলত তার

৩-এর পৃষ্ঠা দেখুন



## আমঝুপিতে মাইক্রো স্ট্যান্ডের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে নবনির্মিত মাইক্রোস্ট্যান্ডের উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার সকালে এক আনুষ্ঠানিক অনুষ্ঠানের মাধ্যমে স্ট্যান্ডটির উদ্বোধন করেন মেহেরপুর জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সভাপতি আহসান হাবীব সোনা। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান, গাংনী উপশাখার সভাপতি মনি, সহ-সাধারণ সম্পাদক এরশাদ, যুগ্ম-সাধারণ সম্পাদক সবুজ, কল্যাণ সম্পাদক রেজাউল, প্রচার সম্পাদক সেন্টু, শ্রমিক নেতা রাসেল, শরিফুল, কামাল, পলাশ, রনি প্রমুখ।

## যতারপুরে জেলা বিএনপির গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক


গতকাল বৃহস্পতিবার মেহেরপুর যতারপুর গ্রামে বিএনপির উদ্যোগে ঐতিহাসিক গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। এতে উপস্থিত ছিলেন মনোনয়ন প্রত্যাশি শিক্ষক কর্মচারী ঐক্যজোটের মহাসচিব জাকির হোসেন, মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, মেহেরপুর উপজেলা বিএনপির সভাপতি ফয়েজ মোহাম্মদ।

## সোশ্যাল মিডিয়ায় ঝটিকা মিছিলের ভিডিও, বাস্তবে তেমন কিছু না: ডিএমপি কমিশনার

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীতে সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত ঝটিকা মিছিলের ভিডিওগুলো বাস্তবে তেমন কোনো ঘটনার প্রতিফলন নয় বলে জানিয়েছেন ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। তিনি বলেন, "সোশ্যাল মিডিয়ায় অনেক ভিডিও ছড়ানো হচ্ছে, কিন্তু বাস্তবে বড় কোনো মিছিল বা নাশকতামূলক কার্যক্রম হচ্ছে না। এতে আতঙ্কিত হওয়ার কিছু

৩-এর পৃষ্ঠা দেখুন




## চুয়াডাঙ্গায় এনসিপির নতুন কমিটিতে আওয়ামী লীগ নেতা

নিজস্ব প্রতিবেদক.চুয়াডাঙ্গা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার নেহালপুর ইউনিয়নে সদ্য ঘোষিত জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)'র নতুন কমিটিতে আওয়ামী লীগ নেতার নাম আসায় ব্যাপক সমালোচনা শুরু হয়েছে। ঘোষণার মাত্র দুই দিন পরই স্থগিত করা হয়েছে ৪০ সদস্যের ওই কমিটি। বুধবার (২২ অক্টোবর) রাতে চুয়াডাঙ্গা জেলা এনসিপির প্রধান সমন্বয়কারী খাজা আমিরুল বাশার বিপ্লব এক বিজ্ঞপ্তিতে নেহালপুর ইউনিয়ন কমিটি স্থগিতের ঘোষণা দেন।

খাজা বিপ্লব জানান, স্থানীয়ভাবে একাধিক সূত্র ও ছবি দেখে নিশ্চিত হয়েছেন যে কমিটির প্রধান সমন্বয়কারী সাইফুল ইসলাম বর্তমানে আওয়ামী লীগের পদে আছেন। বিষয়টি আগে তার জানা ছিল না।

৩-এর পৃষ্ঠা দেখুন

## রাশিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞা: বিশ্ববাজারে তেলের দাম বেড়েছে ৫ শতাংশ

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্ববাজারে তেলের দাম হঠাৎ করে ৫ শতাংশ বেড়ে গেছে। ইউক্রেন যুদ্ধ বন্ধে চাপ সৃষ্টির অংশ হিসেবে রাশিয়ার প্রধান তেল কোম্পানিগুলোর ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপের ঘোষণা দিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর জেরে আন্তর্জাতিক জ্বালানি বাজারে অস্থিরতা দেখা দিয়েছে। বৃহস্পতিবার (২৩ অক্টোবর) ব্রেন্ট ক্রুডের দাম ব্যারেলপ্রতি ৫ দশমিক ১ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৬৫ দশমিক ৭৫ ডলারে। অপরদিকে, যুক্তরাষ্ট্রের ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েট ক্রুডের দাম ৫ দশমিক ২ শতাংশ বেড়ে ৬১ দশমিক ৫৩ ডলারে পৌঁছেছে। হোয়াইট হাউসে এক বিবৃতিতে ট্রাম্প জানান, রাশিয়ার দুটি বৃহত্তম তেল কোম্পানিড় রসনেফট ও লুকঅয়েলড়এর বিরুদ্ধে নতুন অর্থনৈতিক

৩-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগর ৩৬ জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে 'মুজিবনগর জুলাই যুব উন্নয়ন ক্লাব' এর উদ্যোগে অনুষ্ঠিত মুজিবনগর ৩৬ জুলাই স্মৃতি ফুটবল টুর্নামেন্ট এর উদ্বোধন করা হয়েছে।গতকাল বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর কমপ্লেক্স মাঠে এক আনুষ্ঠানিক আয়োজনে টুর্নামেন্টের উদ্বোধন করেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আবু শ্যামা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিবৃন্দ খেলোয়াড়দের সঙ্গে পরিচিত হন এবং শান্তির প্রতীক পায়রা উড়িয়ে টুর্নামেন্টের সূচনা ঘোষণা করেন। এবারের টুর্নামেন্টে মোট ১৬টি দল অংশগ্রহণ করছে। উদ্বোধনী খেলায় বলিয়ারপুর একাদশ ১-০ গোলে নাজিরাকোনা নবীন ক্লাবকে পরাজিত করে জয় লাভ করে।




## এনআইএলজি আয়োজনে গ্রাম পুলিশদের সনদ বিতরণ

নিজস্ব প্রতিবেদক

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)-এর উদ্যোগে এবং জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে গ্রাম পুলিশ বাহিনীর সদস্যদের "দায়িত্ব ও কর্তব্য" শীর্ষক প্রশিক্ষণ শেষে সনদপত্র বিতরণ করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেলে জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল ছালাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের হাতে সনদপত্র

৩-এর পৃষ্ঠা দেখুন

## 'শুধু একাত্তর নয়, ১৯৪৭ থেকে সব ভুলের জন্য ক্ষমা চাই' জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান বলেছেন, ১৯৪৭ সাল থেকে এ পর্যন্ত জামায়াতে ইসলামীর কার্যক্রমে কারও যদি কষ্ট বা ক্ষতি হয়ে থাকে, তার জন্য তিনি এবং তার দল নিঃশর্তভাবে ক্ষমা প্রার্থনা করছেন। বুধবার (স্থানীয় সময়)

৩-এর পৃষ্ঠা দেখুন




## বড় জয়ে ওয়ানডে সিরিজ ঘরে তুলল টাইগাররা

সূর্যোদয় প্রতিবেদন

মিরপুরে অনুষ্ঠিত তৃতীয় ও শেষ ওয়ানডে ম্যাচে বাংলাদেশ ক্রিকেট দল ওয়েস্ট ইন্ডিজকে ১৭৯ রানে হারিয়ে সিরিজ জয় নিশ্চিত করেছে। প্রথম দুই ম্যাচে ১-১ সমতা থাকায় আজকের ম্যাচটি হয়ে উঠেছিল "অলিখিত ফাইনাল।" বাংলাদেশ টসে জিতে ব্যাটিং করার সিদ্ধান্ত

৩-এর পৃষ্ঠা দেখুন

## কেন রাস্তায় নামছে না ভারতের জেন-জি?

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বের সবচেয়ে বড় তরুণ জনগোষ্ঠীর একটি এখন ভারতের হাতেড়প্রায় ৩৭ কোটিরও বেশি মানুষ, যাদের বয়স ২৫ বছরের নিচে। স্মার্টফোন, ইন্টারনেট আর সামাজিক যোগাযোগমাধ্যমের যুগে তারা আগের যেকোনো প্রজন্মের চেয়ে বেশি সচেতন, সংযুক্ত এবং রাজনৈতিকভাবে অবহিত।

তবু প্রশ্ন একটাই এত বড়, সক্রিয় ও তথ্যসমৃদ্ধ এই প্রজন্ম কেন রাজপথে নেই? তরুণদের সবচেয়ে বড় বাধা ভয়। ভারতে আজ রাজপথে নামা মানেই 'রাষ্ট্রবিরোধী' তকমা জোটার আশঙ্কা। ২৩ বছর বয়সি শিক্ষার্থী ধৈর্য চৌধুরী বলেন, "সব জানি,

৩-এর পৃষ্ঠা দেখুন

জামান বস্ত্রালয়
আপনার আস্থার পোশাকের ঠিকানা
সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
সালোয়ার–কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা
একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!
ঠিকানা: বড়বাজার, মেহেরপুর
যোগাযোগ: 01718 552784, 01673 980044

## প্রযুক্তি

### বাতাস থেকে কার্বন শোষণ করে নতুন কংক্রিট

সূর্যোদয় প্রতিবেদন

বায়ু দূষণ ও কার্বন নিঃসরণ কমাতে অভিনব উদ্যোগ নিয়েছেন যুক্তরাষ্ট্রের পেনসিলভানিয়া বিশ্ববিদ্যালয়ের গবেষকরা। তারা এমন এক ধরনের কংক্রিট উদ্ভাবন করেছেন, যা বাতাস থেকে কার্বন শোষণ করে নেয়। প্রকল্পটির নাম 'ডায়ামানিট'।



প্রকৃতির হাড়ের গঠন থেকে অনুপ্রাণিত এই কংক্রিট দিয়ে তৈরি করা হয়েছে ১০ মিটার দীর্ঘ থ্রিডি প্রিন্টেড সেতুর নমুনা, যা বর্তমানে ইতালির ভেনিসে প্রদর্শিত হচ্ছে। এতে সাধারণ কংক্রিটের তুলনায় প্রায় ৬০ শতাংশ কম উপকরণ ব্যবহার করা হলেও শক্তি ও স্থায়িত্ব অপরিবর্তিত রয়েছে। গবেষণা দলের নেতৃত্বে আছেন স্থাপত্যবিদ মাসুদ আখবরজাদেহ। তিনি জানান, বিশেষ জ্যামিতিক নকশা ও ডায়াটোমেসিয়াস আর্থ নামের ছিদ্রযুক্ত খনিজ ব্যবহারের ফলে এই কংক্রিট বাতাস থেকে ১৪২ শতাংশ বেশি কার্বন ডাইঅক্সাইড শোষণ করতে

৩-এর পৃষ্ঠা দেখুন

মায়ের হাসি ক্লিনিক
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অস্ট্রেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। (শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্তিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ
এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।



ডা: মো: শাহিনুর রশিদ
চিকিৎসা সেবা সমূহ
• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।
নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।
রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর
সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308

দিন রাত মানবিক সেবার নিশ্চয়তা
কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনে (আসিফ প্লাজা ২ য় তলা)
সিরিয়ালের জন্য : ০১৭৫৭-৮২৮২৭৮
ডা. আ.ফ.ম. মুনতাহী রেজা রুবেল
এমবিবিএস ,বিসিএস(স্বাস্থ্য) এফ.সি.পি.এস (ইউরোলজি) ,এম.স (ইউরোলজি)বিশেষজ্ঞ ও সার্জন ইউরোলজি বিশেষজ্ঞ সার্জন



কিডনী , মুত্রথলী , মুত্রনালী , প্রোস্টেট গ্রান্থি, অন্ডেকোষ , পুরুষ প্রজাননতন্ত ও ফিমেল ইরোলজি বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখোর সময় : দুপুর ২ টা হতে রাত ৮ টা
শনি ও রবিবার

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## শিক্ষা ও ভালো ব্যবহার

(শেষ পৃষ্টার পর)

আচরণের ওপর নির্ভর করে। বিশ্বাস থাকলে সমস্যা সমাধান সহজ হয়। উপরোক্ত বিষয়গুলো উইলিয়াম ইউরি, রজার ফিশার ও ব্রুশ প্যাটনের গেটিং টু ইয়েস বইতে সুন্দরভাবে তুলে ধরা হয়েছে। আমরা যেমন অন্যের কাছ থেকে ভদ্র ব্যবহার আশা করি, ঠিক তেমনই আমাদেরও তা প্রদর্শন করতে হবে। এতে সবাই মিলেমিশে কাজ করতে পারবে এবং উজ্জ্বল ভবিষ্যতের দিকে এগোতে পারবে।

## যুবলীগ নেতা সম্রাটকে আদালতে

(শেষ পৃষ্টার পর)

একই বছরের ৯ ডিসেম্বর এসআই আব্দুল হালিম অভিযোগপত্র জমা দেন। দুই মামলার বিচার এখন ঢাকার প্রথম ও সপ্তম অতিরিক্ত মহানগর দায়রা জজ আদালতে চলছে। এ ছাড়া, দুদকের করা জ্ঞাত আয়বহির্ভূত সম্পদের মামলাটিও বিচারাধীন, যা ঢাকার বিশেষ জজ আদালত৬ এ চলছে। দুদকের উপপরিচালক মো. জাহাঙ্গীর আলম ২০১৯ সালের ১২ নভেম্বর মামলাটি দায়ের করেন। এতে ২ কোটি ৯৪ লাখ ৮০ হাজার ৮৭ টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ আনা হয়। আদালতের নির্দেশ অনুযায়ী, আসামি ইসমাইল চৌধুরী সম্রাটকে আগামী রবিবার (২৬ অক্টোবর) ব্যক্তিগতভাবে হাজির থাকতে হবে। তখন তার হাজিরা বাতিল সংক্রান্ত আবেদন ও পরবর্তী পদক্ষেপ নিয়ে শুনানি হবে।

## বাতাস থেকে কার্বন শোষণ করে

(শেষ পৃষ্টার পর)

সক্ষম। গবেষকদের দাবি, থ্রিডি প্রিন্টিং প্রযুক্তির কারণে নির্মাণ খরচ কমছে ২৫ থেকে ৩০ শতাংশ এবং ইস্পাতের ব্যবহার কমে যাচ্ছে প্রায় ৮০ শতাংশ। পরিবেশবান্ধব এই প্রযুক্তি ভবিষ্যতের টেকসই স্থাপত্যে নতুন সম্ভাবনা সৃষ্টি করবে বলে তারা আশা করছেন।

## ডিএমপি কমিশনার

(শেষ পৃষ্টার পর)

নেই।" বৃহস্পতিবার (২৩ অক্টোবর) দুপুরে রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ডিএমপি ও জাইকার যৌথ আয়োজনে 'রোড সেফটি সেমিনার'-এর পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। ডিএমপি কমিশনার জানান, আসন্ন জাতীয় নির্বাচনকে সামনে রেখে পুলিশ বাহিনীর মধ্যে ব্যাপক প্রশিক্ষণ কার্যক্রম চলছে। তিনি বলেন, "গত ১৭ বছরে বড় ধরনের অংশগ্রহণমূলক নির্বাচন হয়নি। ফলে বর্তমান দুই লাখ পুলিশ সদস্যের প্রায় অর্ধেকই নতুন, যাদের অনেকেই কখনও ভোট দেননি বা নির্বাচনী দায়িত্ব পালন করেননি। তাই সবাইকে নির্বাচনী দায়িত্ব পালনের বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।" তিনি আরও বলেন, "আমি অফিসারদের স্পষ্টভাবে নির্দেশ দিয়েছিড়নির্বাচনের সময় দায়িত্ব পালনে শতভাগ নিরপেক্ষ থাকতে হবে। আমরা চাই, একটি বিশ্বাসযোগ্য ও শান্তিপূর্ণ নির্বাচন হোক।" নিষিদ্ধ রাজনৈতিক দলের সাম্প্রতিক কার্যক্রম প্রসঙ্গে সাজ্জাত আলী বলেন, "একটি দল যেহেতু নির্বাচনে অংশ নিতে পারছে না, তারা পরিস্থিতি ঘোলাটে করার চেষ্টা করতে পারে। ককটেল বিস্ফোরণ বা নাশকতার চেষ্টা হচ্ছে। তবে আমরা সর্বোচ্চ সতর্ক আছি, যেন কোনো রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ড না ঘটে।" তিনি আশা প্রকাশ করেন, নভেম্বরের শেষ দিকে দেশে একটি "চমৎকার নির্বাচনী পরিবেশ" তৈরি হবে। তার ভাষায়, "এখন সবাই নির্বাচনমুখী। জনগণ ভোট দিতে চায়। অনেকের বয়স ৩৫-৪০, তবুও জীবনে একবারও ভোট দেয়নিড়এটি দেশের জন্য দুঃখজনক।" সাম্প্রতিক সময়ে রাজনৈতিক কর্মসূচি বেড়েছে কিনা এমন প্রশ্নের জবাবে ডিএমপি কমিশনার বলেন, "বেশিরভাগ কর্মসূচি এখন সামাজিক যোগাযোগমাধ্যমকেন্দ্রিক। অনেকেই নাইট কোচে এসে অল্প সময়ের জন্য ব্যানার দেখিয়ে ভিডিও করে ফেসবুকে দেয়। এতে মনে হয় বড় মিছিল হলো, কিন্তু বাস্তবে তা হয় না।" তিনি আরও যোগ করেন, "সোশ্যাল মিডিয়ার প্রভাব অস্বীকার করা যায় না, তবে এতে ভয় পাওয়ারও কিছু নেই। রাজধানীর নিরাপত্তা পরিস্থিতি স্বাভাবিক আছে, আমরা যেকোনো পরিস্থিতি মোকাবিলায় প্রস্তুত।" শেষে নির্বাচন কমিশনের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি বলেন, "আমাদের সক্ষমতা পর্যাপ্ত। আইনশৃঙ্খলা রক্ষায় এবং সুষ্ঠু নির্বাচন নিশ্চিতে পুলিশ সর্বোচ্চ প্রস্তুতি নিয়ে কাজ করছে।"

## বড় জয়ে ওয়ানডে সিরিজ ঘরে তুলল

(শেষ পৃষ্টার পর)

নেয় এবং প্রথমে ৮ উইকেট হারিয়ে ২৯৬ রান সংগ্রহ করে। সৌম্য সরকার ও সাইফ হাসান ১৫২ বলে ১৭৬ রানের জুটি গড়েন। সাইফ ৮০ রান করে আউট হন, সৌম্য ৯১ রানের ইনিংস খেলেন। দলের রান গতি পরবর্তী ব্যাটসম্যানদের মধ্যে কিছুটা কমে গেলেও, অষ্টম উইকেটে নুরুল হাসান সোহান ও মেহেদী হাসান মিরাজ ২৪ বলে ৩৫ রানের জুটি গড়ে দলকে তিনশর কোটায় পৌঁছে দেন। জবাবে নেমে ১১৭ রানে অলআউট হয় ওয়েস্ট ইন্ডিজ। স্পিনারদের লাইন-লেন্থ ও টার্ন বোলিংয়ে তারা টিকে থাকতে পারেনি। নাসুম আহমেদ ৬ ওভারে মাত্র ১১ রান দিয়ে তিন উইকেট নেন, রিশাদ হোসেন ৯ ওভারে ৫৪ রান খরচ করে দুই উইকেট শিকার করেন। মেহেদী হাসান মিরাজ ও তানভীর ইসলামের মাধ্যমে বাংলাদেশ স্পিন আক্রমণে বলার মতো শাসন তৈরি করে। এই জয়ের ফলে ওয়ানডেতে বাংলাদেশের ইতিহাসে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সবচেয়ে বড় জয়। রানের বিচারে দেশের সবচেয়ে বড় ওয়ানডে জয় ২০২৩ সালে আয়ারল্যান্ডের বিরুদ্ধে ১৮৩ রানের ব্যবধান।

## কেন রাস্তায় নামছে না ভারতের

(শেষ পৃষ্টার পর)

সব দেখি, কিন্তু প্রতিবাদের চিন্তা করলেই ভয় কাজ কওে আজকাল ভিন্নমতই যেন দেশবিরোধিতা।" যে বিশ্ববিদ্যালয়গুলো একসময় ছিল রাজনৈতিক বিতর্ক ও প্রতিবাদের প্রাণকেন্দ্র যেমন জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয় (জেএনইউ), জামিয়া মিলিয়া ইসলামিয়া বা দিল্লি বিশ্ববিদ্যালয় সেগুলো এখন কঠোর নিয়ন্ত্রণে। গবেষক হাজারা নাজিবের ভাষায়, "একসময় এই ক্যাম্পাসগুলো সরকারের বিরুদ্ধে আওয়াজ তুলত। এখন সেই স্পিরিট হারিয়ে গেছে।" সমাজতত্ত্ববিদ দীপঙ্কর গুপ্তের মতে, "ভারতের জেন-জি আজ নীরব, কিন্তু উদাসীন নয়। তারা দেখছে, শিখছে, প্রস্তুতি নিচ্ছে।" ভারতের তরুণ সমাজের ক্ষোভ একমুখী নয় কারও দাবি চাকরির সুযোগ, কারও লড়াই জাতিগত বৈষম্যের বিরুদ্ধে, কেউ আবার ভাষা বা আঞ্চলিক অধিকারের জন্য লড়ছে। ফলে একটি ঐক্যবদ্ধ জাতীয় আন্দোলন গড়ে ওঠা কঠিন হয়ে পড়েছে। বিহারের সাংবাদিক বিপুল কুমার বলেন, "আমাদের কেউ কেন্দ্রীয় সরকারকে চ্যালেঞ্জ করতে চায়, কেউ শুধু সরকারি চাকরি চায়। তাই এক মঞ্চে সবাইকে পাওয়া যায় না।" 'সেন্টার ফর ইয়ুথ পলিসি'র পরিচালক সুধাংশু কৌশিক মনে করেন, "ভারতে তরুণ সমাজ অঞ্চল, ভাষা ও জাতি সব দিক থেকেই বিভক্ত। তাই নেপাল বা বাংলাদেশের মতো একযোগে রাস্তায় নামার সম্ভাবনা ক্ষীণ।" ভারতের নীরব জেন-জির বিপরীতে, এশিয়ার অনেক দেশে তরুণরাই এখন পরিবর্তনের মুখ্য শক্তি। নেপালে তরুণদের আন্দোলনে ৪৮ ঘণ্টার মধ্যেই সরকার পতন হয়েছে। ইন্দোনেশিয়ায় চাকরির সংকট নিয়ে বিক্ষোভে সরকারকে ছাড় দিতে হয়েছে। বাংলাদেশেও ২০২৪ সালে কোটা সংস্কার আন্দোলনে তরুণদের ভূমিকা ছিল নির্ণায়ক। এই আন্দোলনগুলো দ্রুত, বিকেন্দ্রীভূত ও সামাজিক যোগাযোগমাধ্যমনির্ভর ছিল। অথচ ভারতে সেই আগুনের স্ফুলিঙ্গ খুব কমই দেখা যায়। ভারতের তরুণদের রাজনীতি নতুন নয়। ইন্দিরা গান্ধীবিরোধী আন্দোলন, ২০১০ সালের দুর্নীতিবিরোধী বিক্ষোভ কিংবা ২০১২ সালের দিল্লি গণধর্ষণবিরোধী প্রতিবাদড় সবখানেই তরুণরাই ছিল অগ্রভাগে। ২০১৯ সালে নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) বিরোধী আন্দোলনও মূলত তরুণদের নেতৃত্বে হয়েছিল। কিন্তু এরপর আসে পুলিশি দমন, বিশ্ববিদ্যালয়ে অভিযান, ছাত্রনেতাদের গ্রেফতার যা প্রতিবাদের সংস্কৃতিকে প্রায় নিস্তেজ করে দেয়। স্টেট ব্যাংক অব ইন্ডিয়ার কর্মকর্তা জতিন ঝা বলেন, "সরকার প্রতিবাদকেই অপরাধ বানিয়ে ফেলেছে। এখন কেউ ভাবতেই পারে না রাস্তায় নামবে।" "তরুণ শক্তি ক্ষণস্থায়ী প্রতিটি প্রজন্ম নিজের ইস্যু নিয়ে ওঠে। ভারতের জেন-জি হয়তো এখন রাস্তায় নেই, কিন্তু তাদের নীরবতা আত্মসমর্পণ নয় এ এক প্রস্তুতি, সময়ের অপেক্ষা।"

## 'শুধু একাত্তর নয়, ১৯৪৭ থেকে সব

(শেষ পৃষ্টার পর)

যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কে এক মতবিনিময় সভায় তিনি এ মন্তব্য করেন। দেশের চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে নিউ ইয়র্কে অবস্থানরত সাংবাদিকদের সঙ্গে ওই মতবিনিময়ের আয়োজন করা হয়। শফিকুর রহমান বলেন, "শুধু একাত্তর নয়, ১৯৪৭ সাল থেকে এ পর্যন্ত জামায়াতে ইসলামীর দ্বারা কেউ যদি কোনো কষ্ট পান, কারও যদি কোনো ক্ষতি হয়ে থাকে, আমি সব ব্যক্তি ও সংগঠনের পক্ষে নিঃশর্তে ক্ষমা চাই। আপনারা আমাদের ক্ষমা করে দেবেন।" তিনি জানান, জামায়াতের পক্ষ থেকে এর আগে একাধিকবার ক্ষমা প্রার্থনা করা হয়েছে। "এই ক্ষমা আমরা কমপক্ষে তিনবার চেয়েছি। গোলাম আযম চেয়েছেন, মতিউর রহমান নিজামী চেয়েছেন, আমিও চেয়েছি। কিছুদিন আগে এটিএম আজহারুল ইসলাম কারামুক্ত হওয়ার পরও আমি বলেছি শুধু একাত্তর নয়, ১৯৪৭ সাল থেকে শুরু করে আমাদের দ্বারা কারও যদি ক্ষতি হয়ে থাকে, আমরা নিঃশর্তভাবে ক্ষমা চাই।" "আজকের দিন পর্যন্ত আমরা ভুল করিনি এ কথা বলবো কীভাবে? আমরা মানুষ, আমাদের ১০০টির মধ্যে ৯৯টি সিদ্ধান্ত সঠিক হলেও একটি ভুল হতে পারে। সেই বেঠিক সিদ্ধান্তের কারণে যদি জাতির কোনো ক্ষতি হয়ে থাকে, তাহলে ক্ষমা চাইতে সমস্যা কোথায়? এখন কেউ কেউ বলেন, এই ভাষায় চাইলে হবে না, ওই ভাষায় চাইতে হবে। আমরা তো বিনা শর্তে ক্ষমা চেয়েছি, আর কী বাকি রইল?" শফিকুর রহমানের এই বক্তব্যকে জামায়াতের অতীতের কর্মকাণ্ড নিয়ে নতুন আলোচনার সূচনা হিসেবে দেখছেন বিশ্লেষকরা।

## এনআইএলজি আয়োজনে গ্রাম

(শেষ পৃষ্টার পর)

তুলে দেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মো. খায়রুল ইসলাম এবং নেজারত ডেপুটি কালেক্টর অবির আনসারী। এ সময় বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসের মোঃ খায়রুল ইসলাম, নেজারত ডেপুটি কালেক্টর অবির আনসারী,জয়া ধর মুমু,গ্রাম পুলিশ জহুরুল ইসলাম, মানসুরা আখতার প্রমুখ।

## রাশিয়ার ওপর নতুন নিষেধাজ্ঞা

(শেষ পৃষ্টার পর)

নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। তিনি বলেন, "প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে শান্তি আলোচনায় কোনো অগ্রগতি না হওয়ায় এই পদক্ষেপ নেওয়া জরুরি হয়ে পড়েছে।" বিশ্লেষকদের মতে, এই নিষেধাজ্ঞা বৈশ্বিক জ্বালানি সরবরাহে অনিশ্চয়তা তৈরি করেছে, যার ফলে তেলের দাম দ্রুত উর্ধ্বমুখী হয়েছে। তারা বলছেন, রাশিয়ার তেল রপ্তানি বৈশ্বিক সরবরাহের একটি বড় অংশ জুড়ে থাকায় এই সিদ্ধান্তের প্রভাব দীর্ঘস্থায়ী হতে পারে। এদিকে নতুন নিষেধাজ্ঞার জেরে রুশ তেল আমদানি উল্লেখযোগ্যভাবে কমাতে শুরু করেছে ভারত। বার্তা সংস্থা রয়টার্স জানায়, ভারতীয় কোম্পানিগুলো বিকল্প উৎস খুঁজতে ব্যস্ত হয়ে পড়েছে। রাশিয়ার ইউক্রেন আক্রমণের পর থেকে ভারত রুশ তেলের অন্যতম বৃহৎ ক্রেতায় পরিণত হয়। চলতি বছরের প্রথম নয় মাসে দেশটি গড়ে দৈনিক প্রায় ১৭ লাখ ব্যারেল তেল আমদানি করেছে। তবে এখন এই রুশ তেলই যুক্তরাষ্ট্র ও ভারতের বাণিজ্য আলোচনায় বড় বাধা হয়ে দাঁড়িয়েছে। ট্রাম্প প্রশাসন জানায়, ভারতীয় পণ্যের ওপর আরোপিত ৫০ শতাংশ আমদানি শুল্কের একটি বড় অংশই রাশিয়া থেকে তেল কেনার কারণে আরোপ করা হয়েছে। রয়টার্সের তথ্য অনুযায়ী, ভারতের বৃহত্তম বেসরকারি রিফাইনারি প্রতিষ্ঠান রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ রাশিয়া থেকে তেল আমদানি "বড় পরিসরে কমানো বা পুরোপুরি বন্ধ করার" পরিকল্পনা করছে।

## চুয়াডাঙ্গায় এনসিপির নতুন কমিটিতে

(শেষ পৃষ্টার পর)

যাচাই-বাছাই শেষে কমিটি স্থগিতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরও বলেন, "আগামী শনিবার জেলা কমিটির নেতাদের সঙ্গে বৈঠক করে বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে।" ঘটনার সূত্রপাত সোমবার নেহালপুর ইউনিয়ন এনসিপির নতুন কার্যালয় উদ্বোধনের দিন থেকেই। ওই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন নেতাড়সদর উপজেলা প্রধান সমন্বয়কারী মিজানুর আরেফিন, যুগ্ম সমন্বয়কারী আমির হোসেন সমীর, জেলা সদস্য তানভীর রহমান অনিক, দর্শনা উপজেলা সদস্য সোহেল পারভেজসহ অনেকে। তবে উদ্বোধনের কিছুক্ষণের মধ্যেই সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয় সাইফুল ইসলামের অতীত রাজনৈতিক পরিচয়। জানা যায়, তিনি এখনো নেহালপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক পদে আছেন। এ তথ্য প্রকাশের পর জেলা এনসিপির নেতারা অস্বস্তিতে পড়েন। অন্যদিকে সদ্য ঘোষিত কমিটির যুগ্ম সমন্বয়কারী তুহিন বলেন, "হ্যাঁ, সাইফুল আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন। তবে তিনি এখন এনসিপিতে কাজ করতে চান। এটা তার ব্যক্তিগত সিদ্ধান্ত। কেউ দল পরিবর্তন করতে চাইলে সেটি তার সাংবিধানিক অধিকার।" তুহিন আরও দাবি করেন, তারা এখনো কমিটি স্থগিতের বিষয়ে আনুষ্ঠানিকভাবে কিছু জানেন না।

# 'রাক্ষস' ছেড়ে 'বনলতা এক্সপ্রেস'-এ সাবিলা নূর

বিনোদন ডেস্ক

দেশের জনপ্রিয় টেলিভিশন অভিনেত্রী সাবিলা নূর এখন নিয়মিতই বড় পর্দার কাজে যুক্ত হচ্ছেন। এরই মধ্যে চলচ্চিত্রে অভিষেক, আর সেটিও দেশের শীর্ষ নায়ক শাকিব খানের বিপরীতে 'তাণ্ডব' সিনেমার মাধ্যমে। চলচ্চিত্রে অভিষেকের পরপরই শোনা যায়, আরো একটি সিনেমায় যুক্ত হচ্ছেন সাবিলা; যার নামড়'রাক্ষস'। কিন্তু শিডিউল জটিলতার কারণে সেই

জানা গেছে, চলতি বছরের ডিসেম্বর মাসে শুরু হওয়ার কথা ছিল 'রাক্ষস'-এর শুটিং। একই সময়ে সাবিলা নূরের আরেকটি বড় প্রজেক্ট 'বনলতা এক্সপ্রেস'-এর শুটিংও শুরু হবে। ফলে দুটি কাজের সময়সূচি একসঙ্গে পড়ে যাওয়ায় সমঝোতার মাধ্যমে 'রাক্ষস' থেকে নিজেকে প্রত্যাহার করেছেন। তানিম নূরের পরিচালনায় 'বনলতা এক্সপ্রেস' সিনেমায় অভিনয় করবেন চঞ্চল চৌধুরী, মোশাররফ করিম ও শরিফুল রাজ। এমন তারকাবহুল প্রজেক্টে সাবিলার যুক্ত হওয়া নতুন মাত্রা যোগ করেছে সিনেমাটিতে। এই সিদ্ধান্তের কারণে অনেকেই প্রশংসা করছেন সাবিলা নূরের দায়িত্ববোধ ও পেশাদারিত্বের। এ প্রসঙ্গে সাবি-লা নূর বলেন, "তানিম ভাইয়ের সঙ্গে 'বনলতা এক্সপ্রেস' নিয়ে অনেক আগে থেকেই কথা হচ্ছিল। এর মধ্যে 'রাক্ষস'-এর প্রস্তাবও পাই। কিন্তু দুই সিনেমার শুটিং একই সময়ে পড়ে যাচ্ছিল। তাই দুটোতেই মনোযোগ দেওয়া সম্ভব হতো না। আমি চাই প্রতিটি চরিত্রে নিজেকে পুরোপুরি ডুবিয়ে দিতে। তাই একটি কাজকেই প্রাধান্য দিয়েছি।" বর্তমানে সাবিলা নূর নিজেকে বড় পর্দায় নতুনভাবে প্রতিষ্ঠিত করতে চান এবং তার এই সুচিন্তিত সিদ্ধান্ত অনেকের কাছেই প্রশংসনীয় দৃষ্টান্ত হয়ে উঠছে।




কিমিয়া ফার্মেসি এন্ড দাওয়াখানা
হাকীম (ডাঃ) মোঃ মোজাফফর হোসেন (জাফর)
হাকীম (ডাঃ) মিসেস সেলিনা সুলতানা
ঢাকা ইউনানী মেডিকেল কলেজ হতে ইউনানী মেডিসিনের উপর ফাস্ট ক্লাস ডিগ্রী প্রাপ্ত
রোগী দেখার সময়:
প্রত্যহ সকাল ৮ টা হতে সন্ধ্যা ৬টা পর্যন্ত।
বাঁশবাড়িয়া পশ্চিমপাড়া,গাংনী, মেহেরপুর
কুষ্টিয়া টু মেহেরপুর রোডে (গাংনী পৌরসভা পিলারের সামনে)মোবাইলঃ ০১৭১২-৫৩১২৫১, ০১৯৪৭৫২৯৭৭৮

ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর

ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল), খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা - দুপুর ২টা, বিকাল : ৫টা - রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২০২, ০১৯২০-৬৯৪৫০২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।

বিশ্বস্ত ও নির্ভরতায়.....সেই ১৯৮৪ সাল থেকে
প্রতিষ্ঠাতাঃ মরহুম বাবর আলী
মেসার্স আঃ মালেক স্টোর এন্ড মিষ্টান্ন ভান্ডার
ফল, কসমেটিক্স, বেবিফুড, ফাস্টফুড, ফ্রোজেনফুড,বেকারী, জন্মদিনের কেক, মুদি মালামাল, কাঁচা সবজি, মিষ্টি ও দই সামগ্রী বিক্রেতা
পরিচালনায় ঃ মোঃ আব্দুল মালেক
গাংনী বাজার বাসস্ট্যান্ড, গাংনী, মেহেরপুর

নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার

২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮

রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
ডাঃ মোসাঃ নুরুন্নাহার বেগম
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
উপ-পরিচালক (অবঃ)
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল।
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডাঃ বি.ডি দাস (পিকলু)
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য)
সি.এম.ইউ (আল্ট্রাসনো)
গাইনী, মহিলা, গর্ভবতী ও সার্জারী রোগের চিকিৎসক
রোগী দেখার সময়ঃ প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত
ডাঃনাজনীন সুলতানা কনা
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য), সি.সি.ডি (বারডেম), ডি.এম.ইউ
এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত
ডি জি ও, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতি শনিবার সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত
ডা. মো: আব্দুল আল মারুফ
এম.বি.বি.এস (রাজশাহী মেডিকেল কলেজ)
বি.সি.এস (স্বাস্থ্য), এফ.সি.পি.এস (শিশু) শেষ পর্ব
এম.এস (শিশু সার্জারী) কোর্স-বিএসএমএমইউ
সিসিডি (ডায়াবেটিস: বারডেম)
পি.জি.পি.এন (শিশু পুষ্টি বোসটন ইউনিভার্সিটি আমেরিকা)
সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল (শিশু বিভাগ)
রোগী দেখার সময়ঃ প্রতি দিন বিকাল ৪.৩০ টা থেকে ৬ টা পর্যন্ত
ডাঃ অমিত কুমার বিশ্বাস
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল)
রোগী দেখার সময়ঃ প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা থেকে বিকাল ৩টা পর্যন্ত
ডাঃ ইসরাত জেরিন
এম.বি.বি.এস, পি.জি.টি (গাইনী এন্ড অবস), সি.এম.ইউ (আল্ট্রা)
মহিলা ও মেডিসিন রোগের চিকিৎসক
আবাসিক মেডিকেল অফিসার
রোগী দেখার সময়ঃ প্রতিদিন সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত
পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বি.পি.এইচ (নিউট্রিশন), এম.পি.এইচ (নিউট্রিশন)
সি.এম.ইউ (ডি.ইউ), ডি.এম.ইউ (আল্ট্রা)
ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকালটি
রেজি: নং ডি-৭০৮১ (বি.এম এন্ড ডি.সি)
পুষ্টি বিশেষজ্ঞ
রোগী দেখার সময়ঃ প্রতিদিন
সিরিয়ালের জন্য যোগাযোগ করুন:
মোবাইল: ০১৭৬৬-৪৮৭৪০৯
মোবাইলঃ ০১৭৬৮-৩৭৭১৯১
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।

নিউ এভারকেয়ার নার্সিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা
প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস)
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা
উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ

নিউ মনা জুয়েলার্স

অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।
আধুনিক ডিজাইনের স্বর্ণ, রুপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯০, ০১৯১৯-৫৭০৮৯০

বিসমিল্লাহ্ ফার্মেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু

সকল প্রকার দেশ-বিদেশী ঔষধ সুলভ মূল্যে খুচরা ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬

ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
✓ এক্সক্লুসিভ বুটিক পোশাক
✓ হাতে তৈরি দেশি জামাকাপড়
✓ দেশি-বিদেশী কসমেটিকস
✓ কুকারিজ আইটেম
✓ ইউনিক গিফট আইটেম
✓ কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা
ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে

কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫

রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট , মেহেরপুর ।
যোগাযোগ : রিসিপশন: ০১৭৫৪৯৭৪৪৬৬ সিরিয়াল: ০১৭২৪-৭৮৭৩১৩ ,
মার্কেটিং অফিসার: ০১৩০৪-১০০৩০৭, ০১৩০৪-১০০৩০


| | |
|---|---|
| ডাঃ মোঃ আলাউদ্দিন আল-আজাদ<br>এমবিবিএস, ডি-অর্থো (সার্জারী )<br>কনসালটেন্ট অর্থোপেডিক, হাড় জোড়া, ব্যাত ব্যাথা, শিরারোগ বিশেষজ্ঞ। শনিবার থেকে বৃহস্পতিবার বিকেল ৪ টা থেকে সন্ধা ৬.৩০ পর্যন্ত। | ডাঃ বিপুল কুমার বিশ্বাস<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস)<br>সহকারী অধ্যাপক-গাইনী বিভাগ ।<br>বিকাল ৪ টা -৮টা পর্যন্ত, শুক্রবার সকাল ৮টা-২টা |
| ডাঃ মোঃ ইয়ানুর হোসেন<br>এমবিবিএস, (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি)<br>কনসালটেন্ট মেডিসিন বিভাগ, এডভান্সড ট্রেনিং ইন ইকো-কার্ডিওগ্রাফী (ইন্ডিয়া )<br>বৃহস্পতিবার বিকাল ৩টা -৮টা শুক্রবার সকাল ৮টা-৮টা। | ডাঃ মোঃ আবুল কাশেম<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য),<br>এফসিপিএস (ইএনটি), ডিএলও বিএসএমএমইউ)-এক্স-পিজিটি কনসালটেন্ট (ইএনটি), ফেলোশীপ ইন মাইক্রোইয়ার সার্জারী (চেন্নাই, ইন্ডিয়া)। বৃহস্পতিবার বিকাল ৩টা- ৮টা ও শুক্রবার সকাল ৮টা -রাত ৮টা। |
| ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস(চক্ষু),<br>ডিএলও (বিএসএমএমইউ)-এক্স-পিজি হাসপাতাল।<br>প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে দুপুর ১ টা । | ডাঃ মোঃ রোকনুজ্জামান<br>এমবিবিএস(রাজশাহী),<br>এফসিপিএস-শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), পি.পি.জি.পি (ঢাকা মেডিকেল কলেজ) চর্ম, যৌন, এলার্জি ও কোষ্ঠ বিশেষজ্ঞ। প্রতি বৃহস্পতিবার সকাল ৮টা - ১১টা। |
| ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এমএস (শিশু সার্জারী),সহকারী অধ্যাপক প্রতিদিন বিকাল ৪ টা - ৮টা। শুক্রবার সকাল ৮টা - ৮টা | ডাঃ এম এম কবির শাওন<br>এমবিবিএস, ডি.এল.পি (এ্যাজমা),<br>ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) এ্যাজমা বিশেষজ্ঞ ও সনোলজিস্ট । প্রতিদিন সকাল ১০ টা -দুপুর ২টা। বিকাল ৪ টা -রাত ৮ টা। |
| ডাঃ মোঃ আরিফুল ইসলাম<br>সহকারী অধ্যাপক<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য), এফসিপিএস সার্জারী) কনসালটেন্ট (সার্জারী), এন্ড ল্যাপারো স্কিন সার্জন। মাসের প্রথম সমবার দুপুর ২টা - ৫টা পর্যন্ত। | ডাঃ মাহবুবা তাজমিলা<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (শিশু), কনসালটেন্ট (শিশু) । প্রতি শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০ টা - বিকাল ৫টা |
| ডাঃ মেহেদী হাসান জনি<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বাস্থ্য)<br>এমবিবিএস(ঢাকা), বিসিএস(স্বা), এমএস (ইউরোলজী) পিজিটি (সার্জারী)<br>প্রতি শুক্রবার সকাল ৯ টা -দুপুর ১ টা। | ডাঃ মোঃ সফিউল আলম<br>এমবিবিএস,<br>এফসিপিএস(সার্জারী) সহকারী অধ্যাপক (জেনারেল সার্জারী), ল্যাপারোস্কপিক। শুক্রবার সকাল ৯ টা থেকে বিকেল ৫টা। |


আল হায়াত ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪
ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট) মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা
ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা
ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা
ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত, প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত

নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩
ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত
ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।
ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।
ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, শুক্রবার, ২৪ অক্টোবর ২০২৫ ইং

## নিরাপত্তাহীনতায় চরম উদ্বিগ্ন মেহেরপুরের বালিকারা

মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের নিরাপত্তা এখন শঙ্কাজনকভাবে হুমকির মুখে। প্রধান সড়ক সংলগ্ন সীমানা প্রাচীর তিন মাস আগে ভাঙা হলেও তা এখনও পুনর্নির্মাণ হয়নি। ফলে অচেনা ব্যক্তিরা স্কুল প্রাঙ্গণে নির্বিঘ্নে প্রবেশ করছে। প্রায় ৮০০ ছাত্রীকে শিক্ষার পাশাপাশি নিরাপত্তার নিশ্চয়তা দেওয়া একটি মৌলিক দায়িত্ব। কিন্তু আজ দেখা যাচ্ছে, বিদ্যালয় কর্তৃপক্ষ ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর একে অপরের ওপর দায় চাপাচ্ছে। ফলশ্রুতিতে শিশুরা ভয়ে স্কুল প্রাঙ্গণে খেলাধুলা করতে পারছে না; অভিভাবকরা নিশ্চিন্তে সন্তান পাঠাতে পারছেন না। নিরাপত্তা না থাকা শুধু শিক্ষার্থীর ব্যক্তিগত সুরক্ষায় সমস্যা সৃষ্টি করছে না, বরং শিক্ষার মানেও প্রভাব ফেলছে। স্কুল প্রাঙ্গণ যেন কোনো প্রকার "অরক্ষিত এলাকা"তে পরিণত হয়েছে। এই পরিস্থিতি স্থানীয় প্রশাসন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ও বিদ্যালয় কর্তৃপক্ষের অবহেলা ও উদাসীনতার প্রকাশ।

সম্প্রতি দায়িত্বশীল কর্তৃপক্ষ জানিয়েছে যে রাস্তা প্রশস্ত করার দাবি থাকায় প্রাচীর নির্মাণে বিলম্ব হচ্ছে। কিন্তু শিক্ষার্থীদের নিরাপত্তা ও শিক্ষা কোনো ধরনের প্রশাসনিক জটিলতার জন্য বিলম্বিত হতে পারে না। অবিলম্বে প্রাচীর পুনর্নির্মাণ করা এবং নিরাপত্তার সুনিশ্চিত ব্যবস্থা গ্রহণ করা উচিত।

মেহেরপুরের ছোট্ট এই স্কুলের ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করা রাষ্ট্রের কর্তব্য। প্রশাসন, বিদ্যালয় ও সংশ্লিষ্ট সব পক্ষ যেন দ্রুত পদক্ষেপ নেন, তা আজকের দিনেও অগ্রাধিকারের বিষয়।

## মেহেরপুরে অ্যানথ্রাক্স সতর্কতা

(প্রথম পৃষ্টার পর)

আতঙ্কিত হওয়ার কিছু নেই, তবে স্থানীয়দের সহযোগিতা জরুরি। বিশেষজ্ঞরা সতর্ক করেছেন, অ্যানথ্রাক্সের জীবাণু মাটিতে ১০০ বছর পর্যন্ত বেঁচে থাকতে পারে। সংক্রমিত প্রাণীর মুখ থেকে জীবাণু মানবদেহে প্রবেশ করে। জ্বর, শ্বাসকষ্ট ও লোম ঝরা আক্রান্ত প্রাণীর প্রধান লক্ষণ। দীর্ঘমেয়াদি প্রতিকার না নিলে জনস্বাস্থ্যে সংকট সৃষ্টি হতে পারে।

## মহিলা মেম্বার নারগিছের নেতৃত্বে

(প্রথম পৃষ্টার পর)

উপকারভোগীর চালের কার্ড থাকলেও তাদের চাল দেওয়া হচ্ছিল না। বিষয়টি জানতে আমি সেখানে যাই। তখন সারগিদুল ও তার লোকজন আমাদের ওপর হামলার প্রস্তুতি নেয়। প্রাণ বাঁচাতে আমরা ইউপি কমপ্লেক্স থেকে সরে আসি।" গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল বলেন, "ঘটনার সংবাদ পেয়ে পুলিশ ঘটনাস্থলে গিয়ে প্রাথমিক তদন্ত করেছে। অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। তবে ঘটনাস্থল থেকে বোমা সদৃশ কোনো বস্তু উদ্ধারের বিষয়টি সঠিক নয়।"

## আমঝুপিতে বিএনপির গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

ঐক্যবদ্ধ গণআন্দোলন গড়ে তুলতে হবে। জনগণের ভোটাধিকার পুনরুদ্ধারে বিএনপির আন্দোলনে সবাইকে সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান তারা।

## মুজিবনগরে বিএনপির গণসংযোগ ও

আমিরুল ইসলাম এ কর্মসূচিতে অংশ নেন। গণসংযোগ চলাকালে অ্যাডভোকেট কামরুল হাসান স্থানীয় জনগণের মধ্যে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং বিভিন্ন শ্রেণিপেশার মানুষের সঙ্গে মতবিনিময় করেন।

এ সময় জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, সাংগঠনিক সম্পাদক ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপির সভাপতি মুজিবনগর উপজেলা বিএনপি'র সাধারণ সম্পাদক হাজী মশিউর রহমান, উপজেলা বিএনপি'র সাংগঠনিক সম্পাদক হারুনুর রশিদ, বাগোয়ান ইউনিয়ন বিএনপি'র সভাপতি রফিকুল ইসলাম, সাধারণ সম্পাদক ইসলাম আলী, যুবদল, কৃষক দল, স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতৃবৃন্দসহ ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

## কন্যা শিশুর জন্ম, জেলা প্রশাসকের উপহার

(প্রথম পৃষ্টার পর)

জেলা প্রশাসক বলেন, "সরকারি হাসপাতালে নরমাল ডেলিভারিতে যেসব মা সন্তান জন্ম দেবেন, তাদের পুরস্কৃত করা হবে।" সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়ইরুল ইসলাম, জেলা পরিবার পরিকল্পনা বিভাগের উপ-পরিচালক আব্দুস সাত্তার, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার ডা. রুমানা হেলালি জুশি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র

(প্রথম পৃষ্টার পর)

মাহবুবুল আলম, জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, পৌর জামায়াতের আমির সোহেল রানা ডলার ও বকুল মাষ্টার আব্দুর সালামসহ জেলা ও পৌর শাখার নেতৃবৃন্দ।

## টি-টোয়েন্টি দলে ফিরলেন লিটন

(প্রথম পৃষ্টার পর)

উদ্দিন এবার বাদ পড়েছেন। তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের সবগুলো ম্যাচ অনুষ্ঠিত হবে চট্টগ্রামের বীরশ্রেষ্ঠ ফ্লাইট লে. মতিউর রহমান ক্রিকেট স্টেডিয়ামে (সাবেক জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়াম)। ম্যাচগুলো হবে ২৬, ২৮ ও ৩১ অক্টোবর, প্রতিটি ম্যাচ শুরু হবে সন্ধ্যা ৬টায়। লিটন কুমার দাস (অধিনায়ক), তানজিদ হাসান, পারভেজ হোসেন ইমন, সাইফ হাসান, তৌহিদ হৃদয়, জাকের আলি অনিক, শামীম হোসেন, কাজী নুরুল হাসান সোহান, শেখ মাহেদী হাসান, রিশাদ হোসেন, নাসুম আহমেদ, মুস্তাফিজুর রহমান, তানজিম হাসান সাকিব, তাসকিন আহমেদ ও শরিফুল ইসলাম।

## মুজিবনগরে মাসুদ অরুনের মিছিল ও

(প্রথম পৃষ্টার পর)

হাসপাতাল বাজারের সামনে থেকে কেন্দ্রীয় বিএনপির নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর ১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে একটি মিছিল বের হয়। মিছিলটি মুজিবনগর বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে কেদারগঞ্জ বাজারে গিয়ে শেষ হয়। এ সময় গণসংযোগের পাশাপাশি সর্বসাধারণের মাঝে লিফলেট বিতরণ করা হয়। লিফলেট বিতরণ, মিছিল এবং গণসংযোগে মুজিবনগর উপজেলার বিএনপি ও তার অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা অংশ নেয়। এ সময় সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ বলেন, মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে বিএনপি ১৭ বছর লড়াই সংগ্রাম করেছে। নেতাকর্মীরা নির্যাতন-নিপীড়নের শিকার হয়েছে। তিনি আরো বলেন, সমস্ত প্রশাসনকে দলীয়করণ মুক্ত করে এমন একটি নির্বাচন দিতে হবে, যেন কোনোভাবেই নির্বাচন প্রভাবিত না হতে পারে।

## পশ্চিম তীর দখলের প্রাথমিক বিল

সার্বভৌমত্ব কার্যকর হবে। মঙ্গলবার ১২০ আসনের নেসেটে ২৫/২৪ ভোটে বিলটি প্রাথমিকভাবে পাস হয়। তবে এটি কার্যকর হতে আরও তিন দফা ভোটে অনুমোদন পেতে হবে। আশ্চর্যের বিষয়, ইসরায়েলি প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু ও তার দল লিকুদ পার্টি বিলটির বিরোধিতা করেছেন। কিন্তু জোটের কয়েকজন সদস্য এবং বিরোধী দলের কিছু এমপি এতে সমর্থন দেন। নেসেটের বিবৃতিতে বলা হয়, "ইসরায়েল রাষ্ট্রের সার্বভৌমত্ব জুদিয়া ও সামারিয়া অঞ্চলে (পশ্চিম তীর) প্রয়োগ" করার উদ্দেশ্যেই এই বিল আনা হয়েছে। প্রাথমিক ভোটের পর বিলটি এখন সংসদের পররাষ্ট্র ও প্রতিরক্ষা কমিটিতে আলোচনার জন্য পাঠানো হয়েছে। এই ভোট এমন সময়ে অনুষ্ঠিত হলো, যখন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি ঘোষণা দিয়েছেন যে ইসরায়েলকে পশ্চিম তীর সংযুক্ত করার অনুমতি দেওয়া হবে না। একই সময়ে গাজায় যুদ্ধবিরতি টিকিয়ে রাখতে মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স ইসরায়েল সফরে রয়েছেন। নেতানিয়াহুর লিকুদ পার্টি এক বিবৃতিতে এই ভোটকে "বিরোধী দলের রাজনৈতিক উসকানি" বলে উল্লেখ করেছে এবং সতর্ক করেছে, এমন পদক্ষেপ যুক্তরাষ্ট্রের সঙ্গে ইসরায়েলের কূটনৈতিক সম্পর্ক ক্ষতিগ্রস্ত করতে পারে। বিশ্লেষকদের মতে, পশ্চিম তীর সংযুক্তির এই প্রচেষ্টা ফিলিস্তিনইসরায়েল দ্বিরাষ্ট্র সমাধানের সম্ভাবনাকে কার্যত শেষ করে দিতে পারে, যা বহু বছর ধরে মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার অন্যতম ভিত্তি হিসেবে বিবেচিত হয়ে আসছে।

## শিক্ষার মান: মেহেরপুরের শিক্ষাব্যবস্থার বর্তমান চিত্র

মিজানুর রহমান অপু



মেহেরপুরে আজ শিক্ষার মান নিয়ে প্রশ্ন ওঠা নতুন কিছু নয়। আমাদের দেশের শিক্ষাব্যবস্থা বহুস্তরীয়, সাধারণ স্কুল-কলেজ, আলিয়া ও কওমি মাদ্রাসা, ইংরেজি মাধ্যম এবং প্রতিটি স্তরের শিক্ষার মান ও প্রাপ্তি ভিন্ন। ইংরেজি মাধ্যম যেমন ব্যয়বহুল, সাধারণ মানুষ সেখানে শিক্ষার সুযোগ পায় না, তেমনি অনেক সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানেও শিক্ষার মান প্রায়শই আন্তর্জাতিক মানের তুলনায় পিছিয়ে। গত বছর শিক্ষাব্যবস্থায় 'সবকিছু বদলাবে' এমন প্রত্যাশা দেখা গেল। কলেজ-বিদ্যালয়ে আন্দোলন, উচ্চশিক্ষায় ভর্তিতে অটোপাস বিতর্ক, এসবই আমাদের দেখিয়েছে পরিবর্তনের আকাঙ্ক্ষা। কিন্তু বাস্তবতা কী? মেহেরপুরের উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফলে দেখা গেছে গড়ে মাত্র ৫৮% পাস, বাকি ৪২% ফেল। শিক্ষার গতি কি এভাবে উন্নতির দিকে যাবে, নাকি ধীরে ধীরে নুয়ে পড়বে, তা নিয়ে সংশয় আছে। এক জেলা শহরের সরকারি কলেজের উদাহরণ এ চিন্তাকে আরও তীব্র করে। কলেজের এক বিভাগের প্রফেসার আমাকে বললেন, ছাত্ররা শিক্ষার চেয়ে রাজনৈতিক কার্যক্রমে বেশি মনোযোগ দেয়। ক্লাসে আসা-যাওয়া সীমিত, প্র্যাকটিক্যালে মনোযোগ কম, লাইব্রেরিতে বই আছে, কিন্তু পাঠক নেই। শিক্ষকরা ভয় পান ছাত্রদের কাছে প্রশ্ন করতে, তাদের কর্তৃত্ব হারিয়েছেন। শিক্ষার্থীরাই বলছেন না তারা কী শিখতে চায় কিন্তু রাজনৈতিক ও ব্যক্তিগত স্বার্থে তারা সক্রিয়। যেখানে ছাত্ররাই নিজেদের রাজনৈতিক প্রতিষ্ঠার সুযোগ হিসেবেই শিক্ষাকে দেখতে শুরু করছে, সেখানে শিক্ষকের ভূমিকা শুধু দায়িত্বহীন নয়, অনেক সময় অসম্মানের শিকারও হচ্ছে। শিক্ষকেরা বলছেন, ক্লাসে অনুপস্থিতি, শিক্ষক ও ছাত্রের মধ্যে সম্মানের অভাব, এবং প্রায়শই শিক্ষার প্রতি উদাসীনতা এই সব মিলিয়ে শিক্ষার মান ক্রমশ ক্ষয় হচ্ছে। আমাদের যুবসমাজের আগ্রহ কি কেবল দ্রুত আর্থিক সাফল্য ও রাজনৈতিক ক্ষমতা অর্জনের দিকে? শিক্ষার মর্যাদা কমে গেলে, জাতির মেরুদণ্ডও নুয়ে যাবেড় এটি মেহেরপুরে স্পষ্টভাবে দেখা যাচ্ছে। তবে দোষ দেওয়াই সমাধান নয়। শিক্ষার্থীদের সঠিক পথে প্রেরণা দিতে হবে, শিক্ষকদের মানসিক নিরাপত্তা ফিরিয়ে আনতে হবে, আর শিক্ষার সংস্কারকে রাজনৈতিক প্রভাব থেকে মুক্ত রাখতে হবে। মেহেরপুরের বাস্তব চিত্র থেকে আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে: শুধুমাত্র আন্দোলন বা স্লোগান দিয়ে শিক্ষার মান উন্নত হয় না। শিক্ষার প্রতি দায়বদ্ধতা, শিক্ষক-ছাত্রের পারস্পরিক শ্রদ্ধা, এবং বাস্তবমুখী পাঠ্যক্রমই একমাত্র পথ। নতুন প্রজন্মকে সঠিকভাবে গড়তে চাইলে শিক্ষাকে আগের মতোই জাতির মেরুদণ্ড হিসেবে প্রতিষ্ঠা করতে হবে।

# সুরা ইখলাসের ফজিলত ও শিক্ষা

মুহাম্মাদ মাহতাব হোসাইন

পবিত্র কোরআনের সংক্ষিপ্ত কিন্তু গভীর তাৎপর্যপূর্ণ সুরাগুলোর একটি হলো সুরা ইখলাস। মাত্র চার আয়াতের এই সুরায় আল্লাহ তাআলার একত্ব, অদ্বিতীয়তা ও পরম মহিমার ঘোষণা সুস্পষ্টভাবে ফুটে উঠেছে। এটি মুমিনের ঈমানের মূলভিত্তি তাওহিদের প্রতীক এবং শিরকমুক্ত বিশ্বাসের দৃঢ় ঘোষণা। 'ইখলাস' শব্দের অর্থ বিশুদ্ধতা বা একনিষ্ঠতা। এই সুরাটি আল্লাহ তাআলার সত্তা ও গুণাবলির বিশুদ্ধ ঘোষণা বহন করে। এর আয়াতগুলোর অর্থ হলো, বলুন, তিনি আল্লাহ এক, একমাত্র। আল্লাহ সর্বনির্ভর, কারও মুখাপেক্ষী নন। তিনি জন্ম দেননি, জন্মগ্রহণও করেননি।

কেউই তাঁর সমকক্ষ নয়। এই আয়াতগুলো তাওহিদের সারমর্ম ধারণ করে আল্লাহ চিরস্থায়ী, অদ্বিতীয় ও সৃষ্টির উর্ধ্বে। রাসুলুল্লাহ (সা.) বলেন,

"যে ব্যক্তি সুরা ইখলাস পাঠ করে, সে যেন এক-তৃতীয়াংশ কোরআন পাঠ করল।" এক সাহাবি প্রতিবার নামাজে সুরা ইখলাস পাঠ করতেন। কারণ জানতে চাইলে তিনি বলেন, "এটি আল্লাহর গুণাবলি বর্ণনা করে, আমি এটি ভালোবাসি।" তখন নবী করিম (সা.) বলেন, "তুমি এটি ভালোবাসো বলেই আল্লাহও তোমাকে ভালোবাসবেন।" হজরত আয়েশা (রা.) বলেন রাসুল (সা.) প্রতি রাতে ঘুমানোর আগে সুরা ইখলাস, ফালাক ও নাস পাঠ করে শরীরের ওপর হাত বুলিয়ে নিতেন। এতে শয়তান ও অশুভ শক্তি থেকে রক্ষা পাওয়া যায়। রাসুল (সা.) আরও বলেন, "যে ব্যক্তি নিয়মিত সুরা ইখলাস পাঠ করবে, তার জন্য জান্নাত নিশ্চিত।" সুরা ইখলাস ছোট হলেও এর শিক্ষা অসীম গভীর। এটি মুমিনের অন্তরে আল্লাহর প্রতি নির্ভরতা, ভালোবাসা ও একনিষ্ঠতা জাগিয়ে তোলে। এর নিয়মিত পাঠ মানুষকে শিরক, কুসংস্কার ও ভ্রান্ত বিশ্বাস থেকে মুক্ত রাখে। একই সঙ্গে মানসিক প্রশান্তি, আত্মিক দৃঢ়তা ও ঈমানের শক্তি বৃদ্ধি করে। সুরা ইখলাস কেবল তাওহিদের ঘোষণা নয় এটি আল্লাহর সঙ্গে সম্পর্কের বিশুদ্ধতার প্রতীক। তাই প্রতিদিন এই সুরা পাঠ করা, এর অর্থ হৃদয়ে ধারণ করা এবং তাওহিদের এই বার্তা অন্যদের মাঝে ছড়িয়ে দেওয়া প্রতিটি মুসলমানের নৈতিক কর্তব্য।

## গোভীপুরে বিনামূল্যে মেডিকেল

(প্রথম পৃষ্টার পর)

ওষুধ বিতরণ করা হয়েছে। গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠানের উদ্বোধন করেন জামায়াতে ইসলামী মেহেরপুর এক আসনে এমপি প্রার্থী ও জেলা শাখার আমির মাওলানা তাজউদ্দিন খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পরিষদের সভাপতি মো. আবু সালেহ। বিশেষ অতিথি ছিলেন জেলা শাখার সাধারণ সম্পাদক ইকবাল হোসেন, মেহেরপুর বিএমএ সভাপতি ডা. আব্দুস সালাম, সদর উপজেলা শাখার আমির সোহেল রানা ও পরিষদের উপদেষ্টা সাইফুল ইসলাম। অনুষ্ঠান পরিচালনা করেন সাধারণ সম্পাদক আবু জাফর। মেডিকেল ক্যাম্পে ১০ জন অভিজ্ঞ চিকিৎসক বিভিন্ন রোগে আক্রান্ত রোগীদের বিনামূল্যে চিকিৎসা দিচ্ছেন। এছাড়া রোগীদের মধ্যে বিনামূল্যে ওষুধও বিতরণ করা হচ্ছে।

## গাংনীতে আইনশৃঙ্খলা ও চোরাচালান

(প্রথম পৃষ্টার পর)

এলাকার চোরাচালান ও মাদকদ্রব্য পাচার প্রতিরোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার গুরুত্ব তুলে ধরেন।

ইউএনও আনোয়ার হোসেন বলেন, "আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে ও চোরাচালান বন্ধে উপজেলা প্রশাসন জিরো টলারেন্স নীতি গ্রহণ করেছে। সকলের সহযোগিতা প্রয়োজন।" ওসি বানী ইসরাইল জানান, পুলিশের টহল জোরদার করা হয়েছে এবং চোরাচালান ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান চলবে।

## মির্জা ফখরুল

(প্রথম পৃষ্টার পর)

দায়িত্ব না নিলে দেশের অর্থনীতি, রাজনীতি, শিক্ষাড় সবকিছুই আরও কঠিন পরিস্থিতিতে পড়বে। আমি ধন্যবাদ জানাতে চাই জাতীয় সংস্কার কমিশনকে, তারা অল্প সময়ের মধ্যে অন্তত কিছু সংস্কারের কাজ শেষ করতে পেরেছেন। পরিবর্তনের পরে এটার প্রয়োজন ছিল।" বিএনপি মহাসচিব বলেন, দলের ইতিহাসই সংস্কারের ইতিহাস। "তারেক রহমান ২০২২ সালে যে ৩১ দফা দিয়েছিলেন, তারই ধারাবাহিকতায় আমরা এই সংস্কারগুলো দিয়েছি। বেগম খালেদা জিয়া ২০১৬ সালে 'ভিশন ২০৩০' দিয়েছেন, আর শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান দিয়েছিলেন ১৯ দফা কর্মসূচি। বিএনপির জন্মই সংস্কারের মধ্যে।" তিনি আরও বলেন, "বিএনপি সংস্কার দিয়েই একদলীয় শাসন থেকে বহুদলীয় গণতন্ত্র প্রতিষ্ঠা করেছে। প্রেসিডেন্ট জিয়া গণমাধ্যমের স্বাধীনতা দিয়েছেন, জনগণের মৌলিক অধিকার পুনঃপ্রতিষ্ঠা করেছেন। বেগম খালেদা জিয়া প্রেসিডেন্সিয়াল পদ্ধতি থেকে পার্লামেন্টারি সরকার এনেছেন, মেয়েদের জন্য দশম শ্রেণি পর্যন্ত বিনা খরচে পড়াশোনার সুযোগ করে দিয়েছেন, মহিলা অধিদপ্তর প্রতিষ্ঠা করেছেন।" মির্জা ফখরুল বলেন, "অথচ এমনভাবে কথা বলা হয় যে, বিএনপি নাকি একটা ভিলেন দল। কিছু কিছু লোক এমন প্রচেষ্টা চালাচ্ছেন এতে আমি বিস্মিত। আমি দৃঢ়তার সঙ্গে বলতে চাই, বাংলাদেশে যা কিছু ভালো হয়েছে, সব বিএনপির হাত দিয়ে হয়েছেড় জনগণের হাত দিয়ে হয়েছে,

বেগম খালেদা জিয়ার হাত দিয়ে হয়েছে।"

## কবর জিয়ারত ও দোয়া মাহফিলের

(প্রথম পৃষ্টার পর)

কবরস্থানে ১৯৯৭ সালের সড়ক দুর্ঘটনায় নিহত পাঁচ কৃতি রোভার সদস্য জাভেদ ওসমান, মাসুম, মনিরুল, মাহফুজ ও আমিনুল ইসলামের কবর জিয়ারত করা হয়।

এ সময় সেখানে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ও জেলা রোভারের কমিশনার প্রফেসর ড. নজরুল কবীর, জেলা রোভারের সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ফররুখ আহমেদ, শহীদ রোভার মনিরুলের পিতা শহিদুল ইসলাম, মাসুমের দুলাভাই মিরাজুল হক লিটন ও দুর্ঘটনায় আহত রোভার সদস্য ফারুক হোসেন। পরবর্তীতে নিহত রোভারদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়। উল্লেখ্য, ১৯৯৭ সালের ২২ অক্টোবর রাতে মেহেরপুর সরকারি কলেজের ৩৫ সদস্যের একটি রোভার দল সিলেটের লাক্কাতুরা চা বাগানে অনুষ্ঠিত ৭ম এশিয়া প্যাসিফিক ও ৯ম রোভার মুটে অংশ নিতে রওনা দেয়। পরদিন ২৩ অক্টোবর ভোরে সাভারের ধামরাই এলাকায় পৌছালে দলবাহী বাসটি দুর্ঘটনায় পড়ে। এতে মেহেরপুরের পাঁচ কৃতি রোভার সদস্য জাভেদ ওসমান, মাসুম, মনিরুল, মাহফুজ ও আমিনুল নিহত হন। এর পরের বছর থেকেই মেহেরপুর জেলা রোভার কর্তৃপক্ষ দিনটি 'রোভার দিবস' হিসেবে পালন করে আসছে। এ বছরও জেলা রোভার স্কাউটের উদ্যোগে ২৮তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে নানা কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

## পাতানো নির্বাচন হতে দেব না, প্রয়োজনে মাঠে নামব: জি এম কাদের

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের বৃহস্পতিবার (২৩ অক্টোবর) জাতীয় পার্টির কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত এক সভায় হুঁশিয়ারি দিয়ে বলেছেন, পাতানো খেলার মতো নির্বাচন হতে দেওয়া হবে না এবং প্রয়োজনে তারা সরাসরি মাঠে নামবেন। জি এম কাদের বলেন, "দেশকে বিভাজনের দিকে ঠেলে দেওয়া এই সরকারের এজেন্ডা। দেশকে গৃহযুদ্ধের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। অশান্তির জন্য নোবেল থাকলে তা এ সরকার পেতে পারে।" তিনি আরও বলেন, "সরকার নিরপেক্ষ নয়। দেশের ভবিষ্যতের জন্য তত্ত্বাবধায়ক সরকার গঠন করা প্রয়োজন। যারা নিরপেক্ষ নির্বাচন দিতে পারবে, তাদের হাতে দেশটি দিন। প্রয়োজনে আমরা মাঠে নামব, কিন্তু পাতানো নির্বাচন হতে দেব না।" দেশের বর্তমান পরিস্থিতি নিয়ে জি এম কাদের অভিযোগ করেন, আইনশৃঙ্খলা এখন তলানিতে, প্রতি মাসে মানুষ খুন হচ্ছে। শিল্প-প্রতিষ্ঠান বন্ধ হচ্ছে, অর্থনৈতিক কার্যক্রম স্থবির, বিনিয়োগ প্রবাহ নেই। সাধারণ মানুষ দুর্ভিক্ষের মুখে, টিসিবির ট্রাকের পেছনে লম্বা লাইন দেখা যাচ্ছে। তিনি আরও বলেন, "শেখ হাসিনার মতো কেউ টিকতে পারেনি, এই সরকারও টিকতে পারবে না। যে ভোটের জন্য শেখ হাসিনাকে ফ্যাসিবাদ বলা হচ্ছে, সেই ভোটের প্রস্তুতি চলছে। অপরাধীদের শাস্তি নিশ্চিত করতে হবে।" সভায় উপস্থিত ছিলেন প্রেসিডিয়াম সদস্য ও ঢাকা দক্ষিণ জাতীয় পার্টির আহ্বায়ক মীর আব্দুস সবুর আসুদ ও প্রেসিডিয়াম সদস্য রেজাউল ইসলাম ভুঁইয়া।

## বাংলাদেশ থেকে কাঁঠাল-পেয়ারার আমদানিতে আগ্রহী চীন

সূর্যোদয় প্রতিবেদন

চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন জানিয়েছেন, চলতি বছরের শুরুতে বাংলাদেশ থেকে কাঁচা আম রপ্তানির সফলতার পর এবার চীন কাঁঠাল ও পেয়ারার মতো ফল আমদানির জন্য কাজ করছে। তিনি বৃহস্পতিবার (২৩ অক্টোবর) রাজধানীর ইন্টারন্যাশনাল কনভেনশন সিটি বসুন্ধরা (আইসিসিবি)-তে অনুষ্ঠিত বাংলাদেশ-চীন গ্রিন টেক্সটাইল এক্সপো-২০২৫ উদ্বোধনী অনুষ্ঠানে এ কথা বলেন। রাষ্ট্রদূত বলেন, "চীনের বাজারে ইতোমধ্যেই বাংলাদেশি উন্নতমানের কৃষিপণ্য প্রবেশ করছে। কাঁঠাল ও পেয়ারার প্রবেশাধিকার নিশ্চিত করতে আমরা কাজ চালাচ্ছি।" ইয়াও ওয়েন বলেন, চীন টানা ১৫ বছর ধরে বাংলাদেশের বৃহত্তম বাণিজ্যিক অংশীদার। দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য ২৪ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়েছে। গত বছরের আগস্ট থেকে ২০টিরও বেশি চীনা কোম্পানি বাংলাদেশে প্রায় ৮০০ মিলিয়ন ডলারের বিনিয়োগ চুক্তি স্বাক্ষর করেছে। চীন ২০২৮ সাল পর্যন্ত বাংলাদেশি করযোগ্য পণ্যের শতভাগের বেশি শূন্য-শুল্ক আরোপ করেছে, যা উভয়ের সমৃদ্ধি ও টেকসই উন্নয়নের প্রতি বেইজিংয়ের প্রতিশ্রুতির প্রতিফলন। সবুজ শিল্প ও প্রযুক্তিতে সহযোগিতা বিষয়ে রাষ্ট্রদূত জানান, চীন বস্ত্র শিল্পে সবুজ রূপান্তর, জ্বালানি-সাশ্রয়ী প্রযুক্তি ও পরিবেশবান্ধব উপকরণ প্রবর্তনে সহযোগিতা করতে প্রস্তুত। টেক্সটাইল যন্ত্রপাতি, ডিজিটাল প্রিন্টিং ও স্মার্ট উৎপাদনে সহযোগিতা জোরদার করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে। তিনি বলেন, ২০২৫ সাল চীন-বাংলাদেশ কূটনৈতিক সম্পর্কের ৫০তম বার্ষিকী, যা দুদেশের বন্ধুত্ব ও লাভজনক সহযোগিতার প্রতিফলন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন: বিজিএমইএ সহ-সভাপতি (অর্থ) মিজানুর রহমান, বিটিএমসির চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল এস. এম. জাহিদ হাসান, বিসিসিআই সভাপতি মো. খোরশেদ আলম, সিইএবি সভাপতি হান কুন এবং অন্যান্য বিশিষ্ট অতিথিবর্গ। প্রদর্শনী আয়োজন করেছে স্যাভর ইন্টারন্যাশনাল লিমিটেড, যৌথভাবে চাইনিজ এন্টারপ্রাইজেস অ্যাসোসিয়েশন (সিইএবি), বিজিএমইএ এবং সাংহাই জলবায়ু সপ্তাহের সহযোগিতায়।

## কিশোরগঞ্জে বিএনপি নেতা যোগ দিলেন আওয়ামী লীগে


সূর্যোদয় প্রতিবেদন

কিশোরগঞ্জ জেলা বিএনপির নেতা অ্যাডভোকেট ফয়জুল করিম আওয়ামী লীগে যোগ দিয়েছেন। বুধবার তিনি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে এক ভিডিও বার্তায় এই ঘোষণা দেন। পরে স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীরা ফেসবুকে তার দলে যোগদানের খবর প্রচার করেন। ফয়জুল করিম জিয়াউর রহমান সরকারের সাবেক স্বাস্থ্য প্রতিমন্ত্রী ডা. ফজলুর করিমের ছেলে। এর আগে তিনি কিশোরগঞ্জ জেলা বিএনপির উপ-দপ্তর সম্পাদক এবং জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতেন। তিনি ২০ সেপ্টেম্বর অনুষ্ঠিত জেলা বিএনপি সম্মেলনের আগের কমিটিরও সদস্য ছিলেন। যোগদানের কারণ হিসাবে ফয়জুল করিম বলেন, "আওয়ামী লীগ মুক্তিযুদ্ধের সপক্ষে দল, ধর্মনিরপেক্ষ ও দেশপ্রেমিক নেতৃত্বের প্রতীক। ৫ আগস্টের পর রাষ্ট্র সংস্কারের নামে সম্পদ ভোগের চেষ্টা ও স্বাধীনতাবিরোধীদের ক্ষমতায় আনার প্রবণতা রোধ করতেই আমি আওয়ামী লীগে যোগ দিয়েছি। শেখ হাসিনাই প্রকৃত দেশপ্রেমিক এবং জনগণের একমাত্র আশ্রয়স্থল।" তিনি আওয়ামী লীগে যোগ দেওয়ার প্রক্রিয়া বা কার মাধ্যমে তা সম্পন্ন হলো, সে বিষয়ে বিস্তারিত জানাননি। কিশোরগঞ্জ জেলা বিএনপির সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম বলেন, "ফয়জুল করিমের এখন বিএনপিতে কোনো পদ নেই। তার মানসিক অবস্থাও স্বাভাবিক নয়। তাই তার আওয়ামী লীগে যোগদানের কোনো রাজনৈতিক গুরুত্ব নেই।"

## ট্রাম্পের পদক্ষেপ রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার সমান: মেদভেদেভ

সূর্যোদয় প্রতিবেদন

রাশিয়ার সাবেক প্রেসিডেন্ট ও বর্তমান নিরাপত্তা পরিষদের উপপ্রধান দিমিত্রি মেদভেদেভ যুক্তরাষ্ট্রের সাম্প্রতিক পদক্ষেপকে রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণার সমান বলে অভিহিত করেছেন। তিনি বলেন, "এখন স্পষ্টড়যুক্তরাষ্ট্র আমাদের শত্রু, তারা রাশিয়ার সঙ্গে সরাসরি সংঘাতে নেমেছে।" বৃহস্পতিবার (২৩ অক্টোবর) টেলিগ্রামে প্রকাশিত এক বিবৃতিতে মেদভেদেভ বলেন, "প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেওয়া সিদ্ধান্তগুলো রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধের কর্মসূচি। ট্রাম্প এখন পুরোপুরি উন্মাদ ইউরোপের অংশ হয়ে গেছেন।" সম্প্রতি মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে নির্ধারিত বৈঠক বাতিল করেন এবং তার প্রশাসন রাশিয়ার দুটি বৃহত্তম তেল কোম্পানিড়রসনেফট ও লুকওয়েলড়এর ওপর নতুন নিষেধাজ্ঞা আরোপ করে। এই পদক্ষেপের পরই রাশিয়াযুক্তরাষ্ট্র সম্পর্ক নতুন করে তীব্র সংকটে পড়ে। ট্রাম্প এর আগে নির্বাচনী প্রচারণায় ঘোষণা দিয়েছিলেন, তিনি ক্ষমতায় এসে দ্রুতই ইউক্রেন যুদ্ধের অবসান ঘটাবেন। তবে সাম্প্রতিক মাসগুলোতে তিনি রুশ প্রেসিডেন্ট পুতিনের প্রতি ক্ষোভ প্রকাশ করে রাশিয়াকে "কাগুজে বাঘ" বলেও উল্লেখ করেন। আগস্ট মাসে ট্রাম্প দাবি করেছিলেন, মেদভেদেভের "উস্কানিমূলক যুদ্ধবিষয়ক মন্তব্যের" জবাবে তিনি দুটি মার্কিন পারমাণবিক সাবমেরিন রাশিয়ার উপকূলের কাছাকাছি মোতায়েনের নির্দেশ দিয়েছিলেন। মেদভেদেভ বলেন, ট্রাম্পের এই নীতিই প্রমাণ করছে যে রাশিয়া এখন "অপ্রয়োজনীয় আলোচনা ছাড়াই" ইউক্রেনে সব ধরনের অস্ত্র ব্যবহার করার অধিকার রাখে। তিনি আরও বলেন, "যুক্তরাষ্ট্রের এই আক্রমণাত্মক অবস্থান শুধু সংঘাত বাড়াবে, শান্তি নয়।" অন্যদিকে রাশিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় বৃহস্পতিবার এক বিবৃতিতে জানায়, ইউক্রেনে রাশিয়ার লক্ষ্য অপরিবর্তিত রয়েছে। পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভা বলেন, "আমাদের এমন একটি আলোচনাভিত্তিক সমাধান প্রয়োজন যা সংঘাতের মূল কারণ দূর করবে এবং ইউরেশীয় নিরাপত্তাসহ বৈশ্বিক স্থিতিশীলতা নিশ্চিত করবে।" তিনি মার্কিন নিষেধাজ্ঞাগুলোকে "অত্যন্ত প্রতিকূল ও অকার্যকর" আখ্যা দিয়ে সতর্ক করে বলেন, "যদি ট্রাম্প প্রশাসন আগের মার্কিন প্রশাসনের মতো একই পথে চলে, তবে তার পরিণতিও ব্যর্থতা ছাড়া কিছু হবে না।




## ঢাকা প্রেস ক্লাবের নতুন কার্যনির্বাহী কমিটি অনুমোদিত

নিজস্ব প্রতিবেদক

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীন সমাজসেবা অধিদপ্তর ঢাকা প্রেস ক্লাবের নতুন কার্যনির্বাহী কমিটির অনুমোদন দিয়েছে। ১৫ অক্টোবর ২০২৫ তারিখে ঢাকার জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক ও নিবন্ধন কর্তৃপক্ষ আবু সাঈদ মোঃ কাওছার রহমান স্বাক্ষরিত এক অফিস আদেশে এই অনুমোদন দেওয়া হয়। পত্র নং ৪১.০১.২৬০০.০০০.২৮.১৪৮৯.৯৭-১৫১৫ অনুযায়ী, নির্বাচন কমিশনের সুপারিশ এবং সভাপতি কর্তৃক প্রেরিত প্রতিবেদনের ভিত্তিতে ১১ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী পরিষদকে ২১ অক্টোবর ২০২৫ থেকে ২০ অক্টোবর ২০২৭ পর্যন্ত দুই বছরের জন্য অনুমোদন দেওয়া হয়েছে।

নতুন কার্যনির্বাহী কমিটির সদস্যরা হলেন: সভাপতি: দীপংকর গৌতম, সহ-সভাপতি: মোহাম্মদ মাসুদ ও মোঃ মনিরুজ্জামান মিয়া, সাধারণ সম্পাদক: সাদেক মাহমুদ (পাভেল), যুগ্ম-সাধারণ সম্পাদক: শিকদার নুর ই আলম সিদ্দিকী মুরাদ, সাংগঠনিক সম্পাদক: মনিরুল ইসলাম, প্রচার ও গবেষণা সম্পাদক: খন্দকার শাহ্‌ নূহ, দপ্তর সম্পাদক: মোঃ মিজানুর রহমান, সমাজকল্যাণ, ত্রাণ ও পুনর্বাসন সম্পাদক: মোঃ রফিকুল ইসলাম, অর্থ সম্পাদক: মঞ্জুর হোসেন মজুমদার, নির্বাহী সদস্য: সরদার মোহাম্মদ শওকত উল আলম (সুমন)

অফিস আদেশে উল্লেখ করা হয়েছে, এই কমিটির বিরুদ্ধে কোনো আপত্তি উত্থাপিত হলে এবং তদন্তে তা সত্য প্রমাণিত হলে কমিটির অনুমোদন বাতিল করা হবে। ঢাকা প্রেস ক্লাব (নিবন্ধন নং ঢ-০২০২৯) ১২ এপ্রিল ১৯৮৭ সালে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে এটি তার ৩৮ বছর পূর্ণ করেছে। ক্লাবের স্থায়ী ঠিকানা ১৩/২-বি, কে এম দাস লেন, টিকাটুলি, ঢাকা-১২০৩। নতুন কার্যনির্বাহী কমিটির অনুমোদনের ফলে ক্লাবের কার্যক্রমে নতুন গতি ও উদ্যম সৃষ্টি হবে বলে আশা প্রকাশ করেছেন সংশ্লিষ্ট সাংবাদিক ও সদস্যরা। এই কমিটি আগামী দুই বছর ক্লাবের বিভিন্ন কার্যক্রম পরিচালনা করবে এবং সাংবাদিক সম্প্রদায়ের কল্যাণে কাজ করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।